(Bengali version)

COVID-19 ভ্যাকসিন ও ভ্যাকসিনেশন প্রোগ্রাম

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

25 **মে**, 2021 অনুযায়ী

<u>সূচীপত্র</u>

COVID-19 ভ্যাকসিন ব্যবহারের নির্দেশ

COVID-19 ভ্যাকসিন নেওয়া কেন দরকার?

ভ্যাকসিনের ক্ষেত্রে বিশেষ বিশেষ ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়ার প্রয়োজন কী? অগ্রাধিকারের শ্রেণিগুলি কী কী?

কী কী ধরনের COVID-19 ভ্যাকসিন উপলব্ধ থাকবে?

অন্য ধরনের সুরক্ষা ব্যবস্থাগুলি কি বজায় রাখতে হবে?

ভ্যাকসিনেশনের বয়সের সীমা কত?

কতগুলি ডোজ দরকার আর ডোজের শিডিউল কী?

প্রথম ও দ্বিতীয় ডোজে আমি কি আলাদা আলাদা ভ্যাকসিন নিতে পারি?

আমি কি দুই ডোজের বেশি ভ্যাকসিন নিতে পারি?

COVID-19 ভ্যাকসিন কাদের দেওয়া উচিত নয়?

অ্যানাফাইল্যাক্সিস কি? এটি কতটা সাধারণ?

BioNTech COVID-19 ভ্যাকসিন ব্যবহারের পর দুর্বল বয়স্ক মানুষদের মধ্যে মৃত্যুহার বৃদ্ধির কোন অপ্রত্যাশিত ঘটনার প্রমাণ পাওয়া যায় কি?

Sinovac COVID-19 ভ্যাকসিন কি 60 বছর বা তার বেশি বয়সীদের জন্য ব্যবহার করা উচিত?

BioNTech COVID-19 ভ্যাকসিন বিষয়ে COVID-19 ভ্যাকসিন-বিষয়ক উপদেষ্টা মন্ডলীর সিদ্ধান্ত কী?

Sinovac COVID-19 ভ্যাকসিন বিষয়ে COVID-19 ভ্যাকসিন-বিষয়ক উপদেষ্টা মন্ডলীর সিদ্ধান্ত কী?

উপলব্ধ COVID-19 ভ্যাকসিনগুলি কি আলাদা ধরনের ভাইরাসগুলির ক্ষেত্রেও কার্যকর?

নিম্নোক্ত কোন শ্রেণির অন্তর্ভুক্ত হলে বা কোন রোগ থাকলে তাদের কি COVID-19 ভ্যাকসিন দেওয়া উচিত?

জ্বর হওয়া

শিশু বা কিশোর

গর্ভবতী

প্রসূতী মা

কম প্রতিরোধ ক্ষমতাযুক্ত ব্যক্তি

বেশি রক্তপাতের সম্ভাবনা থাকলে

গ্লুকোজ-6-ফসফেট ডিহাইড্রোজেনেস (G6PD) ডেফিসিয়েন্সি

আগে COVID-19 সংক্রমণ হয়ে থাকলে

COVID-19 সংস্পর্শের সম্ভাবনা থাকলে

কোয়ারেন্টাইনে থাকলে

অন্য কোন ভ্যাকসিন সদ্য নেওয়া থাকলে বা নেওয়ার কথা থাকলে

অতি দুর্বলতাযুক্ত বয়স্ক মানুষেরা

Fosunফার্মা/BioNTech Comirnaty COVID-19 mRNA vaccine (BNT162b2) সম্বন্ধে আরো তথ্য

সাধারণ প্রশ্নাবলী

COVID-19 টীকাকরণের সুবিধাগুলি কী?

Comirnaty ভ্যাকসিন(COVID-19 mRNA vaccine) কেন ব্যবহার করা হয়?

Comirnaty ভ্যাকসিন নেওয়ার আগে কি কি বিষয় বিবেচনা করা উচিত?

Comirnaty ভ্যাকসিন কীভাবে দেওয়া হয়?

আমি কি ওষুধ খাওয়ার পাশাপাশি Comirnaty ভ্যাকসিন নিতে পারি?

Comirnaty ভ্যাকসিন গ্রহণের পরে আমি কি গাড়ি চালাতে বা কোন যন্ত্র ব্যবহার করতে পারবো?

Comirnaty ভ্যাকসিনের মধ্যে কী উপাদান আছে এবং এর প্যাকেজের ভিতর কী আছে?

নিউক্লেয়িক অ্যাসিড ভ্যাকসিনগুলি তুলনামূলক ভাবে নতুন এবং মানুষের উপর এখনও এর ব্যবহার হয়নি। Comirnaty ভ্যাকসিনের সুরক্ষা ও কার্যকারিতা কীভাবে যাচাই করা হয়?

সুরক্ষা

Comirnaty ভ্যাকসিনের সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া কী কী?

Comirnaty ভ্যাকসিন নেওয়ার জন্য কোন পূর্ব প্রস্তুতি প্রয়োজন?

Comirnaty ভ্যাকসিন গ্রহণের পর কোন গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিলে কী করা উচিত?

কার্যকারিতা

Comirnaty ভ্যাকসিন কি সঙ্গে সঙ্গেই কাজ শুরু করে?

এত দিন অব্দি পাওয়া ক্লিনিকাল গবেষণার তথ্য অনুযায়ী Comirnaty ভ্যাকসিন কতখানি সুরক্ষা প্রদান করে?

Comirnaty ভ্যাকসিন কি একটি ডোজ নেওয়ার পর সুরক্ষা প্রদান করতে পারে?

Comirnaty ভ্যাকসিনের প্রথম ডোজ নেওয়ার পর গ্রহীতা কি অন্য কোন ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ নিতে পারবেন?

Comirnaty ভ্যাকসিন কি তীব্র COVID-19 সংক্রমণের ক্ষেত্রে কার্যকর?

গুণমান

হংকং-এ সরবরাহ করা Comirnaty ভ্যাকসিন কোথায় তৈরি হয়? হংকং-এ সরবরাহ করা ভ্যাকসিনের গুণমান কিভাবে যাচাই করা যাবে?

Comirnaty ভ্যাকসিন সংরক্ষণের ক্ষেত্রে কড়া শর্ত রয়েছে। সেগুলি কী?

Comirnaty ভ্যাকসিন সংরক্ষণের ক্ষেত্রে যে কড়া শর্ত রয়েছে, তার ফলে ভ্যাকসিন দেওয়ার আগে অব্দি তার গুণমান কিভাবে বজায় রাখা হবে?

টীকাকরণ কর্মসূচী ও স্থান

COVID-19 টীকাকরণ কর্মসূচী কী?

সাধারণ মানুষ কি ভ্যাকসিনের ধরন বেছে নিতে পারেন?

কমিউনিটি ভ্যাকসিনেশন সেন্টার কীভাবে কাজ করে?

ভ্যাকসিনেশন পরবর্তী প্রশ্ন

যদি আমার মনে হয় যে আমি COVID-19 টীকাকরণের পার্শ্ব প্রতিক্রিয়া অনুভব করছি তাহলে আমার কি করা উচিত?

COVID-19 ভ্যাকসিন কি আমাকে COVID-19 রোগে আক্রান্ত করবে?

COVID-19 টীকাকরণের পর ভাইরাল পরীক্ষায় আমি কি COVID-19 পজিটিভ আসবো?

আমি যে ভ্যাকসিনেশনের পর সুরক্ষিত আছি তা কীভাবে জানবো? এর জন্য কি কোন পরীক্ষা করতে হবে?

COVID-19 ভ্যাকসিন-সংক্রান্ত অন্যান্য প্রশ্ন

হংকং-এ সরবরাহ করা COVID-19 ভ্যাকসিনগুলি কি হালাল বা হালাল-স্বীকৃত?

COVID-19 ভ্যাকসিন সংগ্রহের জন্য সরকারের নীতি কী?

COVID-19 ভ্যাকসিন কয় ধরনের?

"ইলেকট্রনিক ভ্যাকসিনেশন রেকর্ড" কী?

সরকার কীভাবে নিশ্চিত করে যে সাধারণ মানুষের দ্বারা গৃহীত ভ্যাকসিন সুরক্ষিত ও কার্যকর?

COVID-19 ভ্যাকসিনের নিয়ন্ত্রণ ও নীরিক্ষণ কীভাবে করা হয়?

COVID-19 ভ্যাকসিনের অ্যাডভার্স ইভেন্টস্ ফলোয়িং ইম্যুনাইজেশন-এর জন্য ইনডেমনিটি ফান্ড (AEFI Fund) কী?

গুরুতর প্রতিকূল ঘটনায় আক্রান্ত ব্যক্তিরা AEFI ফান্ড থেকে কি নগদ অর্থ পাবেন?

AEFI ফান্ডের সর্বাধিক প্রদেয় অর্থ কত? এই অর্থ কীভাবে তোলা হবে?

AEFI ফান্ডের ক্লেম জমা দেওয়ার কোন সময়সীমা আছে?

কোন দাবীদার যদি AEFI ফান্ড থেকে অর্থ পেয়ে থাকে, তাহলে সে কি ভ্যাকসিন নির্মাতার বিরুদ্ধে তার ক্ষতির জন্য আইনি পদক্ষেপ নিতে পারে?

COVID-19 ভ্যাকসিনেশন কর্মসূচী বিষয়ে অন্য কোন প্রশ্ন থাকলে কী করবো?

অন্যান্য জনস্বাস্থ্য বিষয়ক পদক্ষেপ

COVID-19 ভ্যাকসিন উপলব্ধ হওয়ার পর এখন কি আর মাস্ক পরা বা সামাজিক দূরত্ব বজায় রাখার প্রয়োজন আছে?

পেশাদার চিকিৎসকদের মধ্যে যাঁরা ভ্যাকসিন নিয়েছেন তাঁদের এখনো কি সম্পূর্ণ পার্সোনাল প্রোটেক্টিভ ইক্যুইপমেন্ট(PPE) দরকার পড়বে?

ভ্যাকসিন গ্রহণ করেছেন কিন্তু কোন সংক্রমিত ব্যক্তির সংস্পর্শে এসেছেন এমন ব্যক্তিদের কি পরীক্ষা বা কোয়ারেন্টাইন করানো হবে?

ভ্যাকসিনেশন বা ইম্যুনিটির প্রমাণ কি পর্যটনের জন্য ব্যবহার করা যাবে?

কিছু দেশ "ইম্যুনিটি সার্টিফিকেট" ব্যবহারের বিষয় বিবেচনা করেছে। যাদের ভ্যাকসিন নেওয়া হয়ে গেছে তাদের ক্ষেত্রে কি "ইম্যুনিটি সার্টিফিকেট" প্রযোজ্য হবে?

উপলব্ধ COVID-19 ভ্যাকসিনগুলি কি COVID-19 ভ্যারিয়্যান্টগুলির দ্বারা সংক্রমণ প্রতিরোধ করতে কার্যকর হবে?

মদ্যপান কি আমাদের প্রতিরোধ ক্ষমতা কমিয়ে দেয়?

ভ্যাকসিনের বিষয়ে ভুল ধারণা ও প্রকৃত তথ্য

COVID-19 ভ্যাকসিন বিষয়ে ভুল ধারণা ভাঙা

COVID-19 ভ্যাকসিন দ্রুত তৈরি ও পরীক্ষা হয়েছে বলে এগুলি কি সুরক্ষিত নয়?

COVID-19-এর mRNA vaccineগুলি কি মানুষের ডিএনএ বদলে দেবে?

অনেক মানুষের COVID-19 হয়ে সেরে গেছে, তাহলে আমাদের ভ্যাকসিন নেওয়ার প্রয়োজন আছে?

COVID-19 ভ্যাকসিন মাইক্রোচিপ ট্র্যাকিং বা মানুষের মস্তিষ্কে কিছু ভরে দিয়ে তাদের নিয়ন্ত্রণ করতে পারে?

BioNTech COVID-19 ভ্যাকসিনের ক্লিনিকাল ট্রায়ালে যে চারটি মুখের প্যারালাইসিসের ঘটনা ঘটেছিল তা ভ্যাকসিনের সঙ্গেই সম্পর্কিত?

BioNTech COVID-19 ভ্যাকসিন প্রদানের পর মৃত্যুহার সাধারণের চেয়ে বেড়ে গেছে?

সব ধরনের ভ্যাকসিন সবার জন্য উপযুক্ত?

BioNTech ভ্যাকসিন গ্রহণের সঙ্গে সঙ্গেই কাজ শুরু করে?

BioNTech COVID-19 ভ্যাকসিন ব্যবহারের পর দুর্বল বৃদ্ধ মানুষদের অপ্রতভাশিত মৃত্যুহার বৃদ্ধির প্রমাণ পাওয়া গেছে?

Sinovac ভ্যাকসিন কি ব্যবহারের সঙ্গে সঙ্গেই কাজ শুরু করে?

ভ্যাকসিনগুলিকে বোঝা: তথ্য ও ভ্রান্ত ধারণা

প্রাকৃতিক প্রতিরোধ ক্ষমতা ভ্যাকসিন-প্রদত্ত প্রতিরোধের চেয়ে বেশি স্বাস্থ্যকর?

রোগটি ভ্যাকসিনের চেয়ে কম ক্ষতিকারক?

ভ্যাকসিনে ক্ষতিকারক পদার্থ থাকে?

ভ্যাকসিন আমার প্রতিরোধ ক্ষমতার ক্ষতিসাধন করতে পারে?

সমস্ত ভ্যাকসিনের ক্ষেত্রে একবার টীকা নিলে সারা জীবনের জন্য প্রতিরোধ ক্ষমতা তৈরি হয়ে থাকবে?

সমস্ত ভ্যাকসিন ঘরের উষ্ণতায় সংরক্ষণ করা উচিত?

BioNTech COVID-19 ভ্যাকসিনের কার্যকারিতার তথ্য কোন ক্লিনিকাল গবেষণায় পাওয়া যায় না?

ফ্লু ভ্যাকসিন কি COVID-19 রুখতে সাহায্য করতে পারে?

ভ্যাকসিন নেওয়ার পর সংঘটিত সমস্ত প্রতিকূল ঘটনাই কি ভ্যাকসিনের কারণে ঘটে?

COVID-19 ভ্যাকসিন ব্যবহারের নির্দেশ

COVID-19 ভ্যাকসিন নেওয়া কেন দরকার?

চলমান করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) অতিমারী বিশ্ব জুড়ে এক গুরুতর সমস্যা তৈরি করেছে। হংকং-এ এখনও এই রোগের সংক্রমণ ঘটে চলেছে।

জনস্বাস্থ্য ও সমাজের উপর COVID-19-এর প্রভাব কমানোর জন্য COVID-19 ভ্যাকসিনকে একটি জরুরি জনস্বাস্থ্য সহযোগী উপকরণ হিসাবে গণ্য করা হচ্ছে যা মধ্যবর্তী স্তরে ও দীর্ঘ স্তরেও অতিমারী কম করতে সাহায্য করবে।

ভ্যাকসিনের ক্ষেত্রে বিশেষ বিশেষ ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়ার প্রয়োজন কী? অগ্রাধিকারের শ্রেণিগুলি কী কী?

দীর্ঘস্থায়ী স্তরে হংকং-এর সমস্ত মানুষকেই ভ্যাকসিন প্রদানের লক্ষ্যমাত্রা রাখা উচিত। ভ্যাকসিনের উপলব্ধতার একদম প্রথম স্তরে সীমিত সরবরাহের কারণে ধাপে ধাপে এই ভ্যাকসিন প্রদান করতে হচ্ছে, যার মধ্যে স্থানীয় জনগণের মধ্যে কিছু মানুষকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে, যাতে মৃত্যুহার কমিয়ে জরুরি পরিষেবা চালু রাখা যায়।

কী কী ধরনের COVID-19 ভ্যাকসিন উপলব্ধ থাকবে?

তিনটি COVID-19 ভ্যাকসিনের বৈশিষ্ট্য

ভ্যাকসিন	BNT162b2 /Comirnaty (FOSUN PHARMA/BIONTECH VACCINE)	CORONAVAC (SINOVAC VACCINE)
মাধ্যম	mRNA	নিষ্ক্রিয়
ডোজের শিডিউল (প্রথম ও দ্বিতীয় ডোজের মধ্যে ব্যবধান)	2 টি ডোজ (অন্তত 21 দিন)	2 টি ডোজ (14 বা 28 দিন)
সংরক্ষিত রাখা যায়	-75° সে. (±15° সে.) তাপমাত্রায় 6 মাস; 2-8° সে. তাপমাত্রায় 5 দিন	2-8° সে.-এ 12 মাস
প্রয়োগের পথ	ইন্ট্রামাসকুলার	ইন্ট্রামাসকুলার

অন্য ধরনের সুরক্ষা ব্যবস্থাগুলি কি বজায় রাখতে হবে?

অল্প সময়ের মধ্যে সমস্ত মানুষ সুরক্ষা অর্জন করতে পারবেন না। সংক্রমণের ঝুঁকি কমানোর জন্য সামাজিক দূরত্ব, হাত পরিষ্কার রাখা, জনসমক্ষে মাস্ক পরা ইত্যাদি অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলা প্রয়োজন।

COVID-19 ভাইরাসের সঙ্গে ইনফ্লুয়েঞ্জা ভাইরাস সংক্রমণের ক্রমবর্ধিত ঘটনা লক্ষ করা যাচ্ছে যা মৃত্যুহারের উপর ব্যাপক প্রভাব ফেলছে যা সংক্রমিত মানুষদের পক্ষেও খারাপ।

COVID-19 অতিমারীর প্রেক্ষাপটে স্বাস্থ্যকর্মী ও বৃদ্ধ মানুষ(বিস্তারিত জানার জন্য অনুগ্রহ করে সেন্টার ফর হেল্থ প্রোটেকশনের ওয়েবসাইটে "২০২০/21 সিজনে হংকং-এ সিজনাল ইনফ্লুয়েঞ্জা ভ্যাকসিনেশনের উপর প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী" দেখুন), যাদের ইনফ্লুয়েঞ্জা এবং COVID-19 উভয়ের ঝুঁকি রয়েছে, তাঁরা সিজনাল ইনফ্লুয়েঞ্জা ভ্যাকসিন নিতে পারেন।

ভ্যাকসিনেশনের বয়সের সীমা কত?

BioNTech ভ্যাকসিন 16 বছর বা তার বেশি বয়সীদের জন্য; Sinovac ভ্যাকসিন ও ASTRAZENECA VACCINE 18 বছর বা তার বেশি বয়সীদের জন্য ব্যবহার করতে হবে।

কতগুলি ডোজ দরকার আর ডোজের শিডিউল কী?

BioNTech ভ্যাকসিনের নির্দেশিত শিডিউলে অন্তত 21 দিন অন্তর 2-টি ডোজ দেওয়ার কথা বলা হয়েছে। Sinovac ভ্যাকসিনের নির্দেশিত শিডিউল 2 টি ডোজের এবং দ্বিতীয় ডোজ ২৮ দিন পর দিতে হবে।

সম্প্রতি নির্দেশিত শিডিউলের বাইরে Sinovac ভ্যাকসিন গ্রহণের সুরক্ষা, রোগ প্রতিরোধ ক্ষমতা উৎপাদনের সক্ষমতা ও কার্যকারিতা বিষয়ে তথ্য সীমিত। যদি 28 দিনের বেশি সময় পেরিয়ে গিয়ে থাকে তাহলে যত তাড়াতাড়ি সম্ভব দ্বিতীয় ডোজ নিতে হবে। দুটি ডোজ আবার নতুন করে নেওয়ার দরকার নেই।

Comirnaty(BioNTech) ভ্যাকসিনের দুটি ডোজ অন্তত 21 দিন অন্তর নিতে হবে। প্রথম ডোজ নেওয়ার পর 21 দিনের বেশি হয়ে গেলে ভ্যাকসিনের সুরক্ষা, রোগ প্রতিরোধের ক্ষমতা এবং কার্যকারিতা কতটা থাকবে সে নিয়ে বর্তমানে সীমিত তথ্য রয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা সাম্প্রতিক উপলব্ধ ক্লিনিক্যাল তথ্য অনুসারে জানিয়েছে Comirnaty(BioNTech) ভ্যাকসিনের দুটি ডোজের মধ্যে ব্যবধান 42 দিন অব্দি বাড়ানো যেতে পারে। অন্যদিকে প্রথম ডোজ নেওয়ার পর যদি 21 দিনের বেশি হয়ে যায় সেক্ষেত্রে ইউনাইটেড স্টেটস সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন এবং হেল্থ কানাডা উভয়েই পুনরায় দুটি ডোজ আবার নেওয়ার পরিবর্তে যত তাড়াতাড়ি সম্ভব দ্বিতীয় ডোজ নেওয়ার পরামর্শ দিয়েছে।

প্রথম ও দ্বিতীয় ডোজে আমি কি আলাদা আলাদা ভ্যাকসিন নিতে পারি?

সংশ্লিষ্ট ব্যক্তিকে একই ভ্যাকসিনে টীকাকরণ সম্পন্ন করতে হবে।

আমি কি দুই ডোজের বেশি ভ্যাকসিন নিতে পারি?

একই বা আলাদা COVID-19 ভ্যাকসিন দিয়ে আরো ডোজ/বুস্টার এখনই নেওয়ার উপদেশ দেওয়া হচ্ছে না।

COVID-19 ভ্যাকসিন কাদের দেওয়া উচিত নয়?

অনুগ্রহ করে ভ্যাকসিনেশন তথ্যসূচী দেখুন।

যাদের পলিএথিলিন গ্লাইকল(PEG) ও পলিসরবেট*-এর প্রতি তীব্র হাইপারসেনসিটিভিটির ইতিহাস রয়েছে তাদের BioNTech ভ্যাকসিন নেওয়া উচিত নয়।

*BioNTech ভ্যাকসিনের মধ্যে PEG রয়েছে। যদিও BioNTech ভ্যাকসিনে পলিসরবেট থাকে না, তবে এটি PEG-এর সঙ্গে ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত।

অ্যানাফাইল্যাক্সিস কি? এটি কতটা সাধারণ?

অ্যানাফাইল্যাক্সিস হল একটি তীব্র ও তাৎক্ষণিক অ্যালার্জিক প্রতিক্রিয়া যার মধ্যে রয়েছে র‍্যাশ, বমিবমি ভাব, মাথা ঘোরা, হাইপোটেনশন(অস্বাভাবিক কম রক্তচাপ), ফোলা রোগ, বা শ্বাস ফোলা(শ্বাসের সমস্যা) ইত্যাদি লক্ষণ।

14 থেকে 23 ডিসেম্বর 2020-এর মধ্যে আমেরিকায় প্রথম BioNTech ভ্যাকসিনের 1,893,360 ডোজ দেওয়া হয়েছিল। তাদের ভ্যাকসিন অ্যাডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেমে(VAERS) উল্লিখিত প্রতিকূল প্রভাবের মধ্যে BioNTech ভ্যাকসিন গ্রহণের পর 21 জনের অ্যানাফাইল্যাক্সিস হওয়ার ঘটনা লক্ষ করা গেছে, যা প্রতি মিলিয়ন ডোজে 11.1 হার। আমেরিকার সেন্টারস্ ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন(CDC)-এর ধারাবাহিক রিপোর্ট অনুযায়ী এর মধ্যে 20 টি ঘটনায় অসুস্থরা সেরে উঠেছেন এবং বাড়ি ফিরে গেছেন। এই 17জনের মধ্যে 21 জনের(81%) অ্যালার্জি বা অ্যালার্জিক প্রতিক্রিয়ার পূর্ব ইতিহাস ছিল, এবং সাত জনের অ্যানাফাইল্যাক্সিসের ইতিহাস ছিল।

BioNTech COVID-19 ভ্যাকসিন ব্যবহারের পর দুর্বল বয়স্ক মানুষদের মধ্যে মৃত্যুহার বৃদ্ধির কোন অপ্রত্যাশিত ঘটনার প্রমাণ পাওয়া যায় কি?

জানুয়ারি, 2021 অনুযায়ী বিদেশের স্বাস্থ্য কর্তৃপক্ষ এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা থেকে প্রাপ্ত তথ্য ও পরামর্শ থেকে BioNTech COVID-19 ভ্যাকসিন ব্যবহারের পর দুর্বল বয়স্ক মানুষদের মধ্যে মৃত্যুহার বৃদ্ধির কোন অপ্রত্যাশিত ঘটনার প্রমাণ পাওয়া যায় না। যে মৃত্যুর খবর পাওয়া গেছে তা ভ্যাকসিন ব্যবহারের কারণেই হয়েছে এমন কোন প্রমাণ পাওয়া যায় না।

পরিশেষে তাই বলা যায়, দুর্বল বয়স্ক মানুষদের জন্য তীব্র COVID-19 রোগে আক্রান্ত হওয়ার ঝুঁকি কমানোর যে সুবিধা এর থেকে পাওয়া যায়, তা ভ্যাকসিন গ্রহণের ঝুঁকির থেকে কম।

Sinovac COVID-19 ভ্যাকসিন কি 60 বছর বা তার বেশি বয়সীদের জন্য ব্যবহার করা উচিত?

60 বছর বা তার বেশি বয়সীদের মধ্যে Sinovac COVID-19 ভ্যাকসিন ব্যবহারের সুবিধা কোন রকম COVID-19 ভ্যাকসিন না নেওয়ার ঝুঁকির চাইতে বেশি। এখনও অব্দি 60 বছর বা তার বেশি বয়সীদের মধ্যে এর কার্যকারিতার তথ্য সীমিত। ক্লিনিকাল তথ্য অনুযায়ী এই ভ্যাকসিন 60 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের মধ্যে অ্যান্টিবডি তৈরির পদ্ধতিকে ত্বরান্বিত করবে।

BioNTech COVID-19 ভ্যাকসিন বিষয়ে COVID-19 ভ্যাকসিন-বিষয়ক উপদেষ্টা মন্ডলীর সিদ্ধান্ত কী?

সুদীর্ঘ আলোচনার পর COVID-19 ভ্যাকসিন-বিষয়ক উপদেষ্টা মন্ডলী বলেছে, সুরক্ষা, কার্যকারিতা ও গুণমানের বিষয়ে প্রাপ্ত বৈজ্ঞানিক তথ্য অনুযায়ী, এবং গৃহীতব্য অথরাইজেশন-পরবর্তী পদক্ষেপ অনুযায়ী, বর্তমান অতিমারী পরিস্থিতিতে 16 বছরের ও বয়স্ক মানুষদের মধ্যে SARS-CoV-2 ভাইরাসের দ্বারা সংক্রামিত COVID-19 রোগ প্রতিরোধে সক্রিয় অনাক্রম্যতার জন্য BioNTech COVID-19 ভ্যাকসিনের সুবিধা হংকং-এ এর ব্যবহারের ঝুঁকির থেকে বেশি।

Sinovac COVID-19 ভ্যাকসিন বিষয়ে COVID-19 ভ্যাকসিন-বিষয়ক উপদেষ্টা মন্ডলীর সিদ্ধান্ত কী?

সুদীর্ঘ আলোচনার পর COVID-19 ভ্যাকসিন-বিষয়ক উপদেষ্টা মন্ডলী বলেছে, সুরক্ষা, কার্যকারিতা ও গুণমানের বিষয়ে প্রাপ্ত বৈজ্ঞানিক তথ্য অনুযায়ী, এবং গৃহীতব্য অথরাইজেশন-পরবর্তী পদক্ষেপ অনুযায়ী, বর্তমান অতিমারী পরিস্থিতিতে 16 বছরের ও বয়স্ক মানুষদের মধ্যে SARS-CoV-2 ভাইরাসের দ্বারা সংক্রামিত COVID-19 রোগ প্রতিরোধে সক্রিয় অনাক্রম্যতার জন্য Sinovac COVID-19 ভ্যাকসিনের সুবিধা হংকং-এ এর ব্যবহারের ঝুঁকির থেকে বেশি।

উপলব্ধ COVID-19 ভ্যাকসিনগুলি কি আলাদা ধরনের ভাইরাসগুলির ক্ষেত্রেও কার্যকর?

COVID-19 ভ্যাকসিনগুলির দ্বারা প্রদত্ত সুরক্ষার পক্ষে বিপজ্জনক নতুন ধরনের ভাইরাসগুলি। বিশ্ব জুড়ে এই বিভিন্ন ভ্যারিয়্যান্টগুলি ছড়িয়ে ছিল, এর মধ্যে প্রথম ভ্যারিয়্যান্ট দেখা দিয়েছিল ইংল্যান্ডে(B.1.1.7), তারপর দক্ষিণ

আফ্রিকা(B.1.351) এবং ব্রাজিলে(P.1)। সাধারণ ভাবে গবেষণায় দেখা গেছে উপলব্ধ ভ্যাকসিনগুলি নন-ভ্যারিয়্যান্টগুলির বিরুদ্ধে ভালো ভাবেই কাজ করে। Fosun Pharma/BioNTech ভ্যাকসিন (BNT162b2) B.1.1.7 এবং P.1-এর বিরুদ্ধে কর্যকর কিন্তু B.1.351-এর বিরুদ্ধে কম কার্যকর। Sinovac Biotech(হংকং)-এর দ্বারা প্রস্তুত CoronaVac-এর ক্ষেত্রে ভ্যারিয়্যান্টগুলির বিরুদ্ধে কার্যকারিতার তথ্য সীমিত। কোম্পানি বর্তমানে ব্রাজিলে একটি বৃহৎ গবেষণা করছে এবং ভ্যারিয়্যান্টগুলির বিষয়ে কার্যকারিতার তথ্য শিঘ্রই জানা যাবে। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথভাবে AstraZeneca-এর দ্বারা তৈরি ভ্যাকসিন (AZD1222) B.1.1.7-এর বিরুদ্ধে কার্যকর কিন্তু B.1.351 ভ্যারিয়্যান্টের বিরুদ্ধে কার্যকর নয়। যত দ্রুত সম্ভব বেশি পরিমাণে COVID-19 ভ্যাকসিনেশন করলে এবং সংক্রমণের সম্ভাবনা কমানোর সাধারণ বিধিগুলি ঠিকমতো পালন অতিমারী নিয়ন্ত্রণের এবং নতুন ভ্যারিয়্যান্ট যাতে উৎপন্ন না হয় তার প্রধান লক্ষ্য হবে।

নিম্নোক্ত কোন শ্রেণির অন্তর্ভুক্ত হলে বা কোন রোগ থাকলে তাদের কি COVID-19 ভ্যাকসিন দেওয়া উচিত?

জ্বর হওয়া

তীব্র জ্বরযুক্ত রোগ থাকলে COVID-19 ভ্যাকসিন পরে দেওয়া উচিত।

শিশু বা কিশোর

শিশু বা কিশোরদের ক্ষেত্রে BioNTech এবং অ্যাস্ট্রাজেনেকা দুটি ভ্যাকসিনই বর্তমানে দেওয়া হচ্ছে না(BioNTech ভ্যাকসিন 16 বছর বা তার উর্ধ্বের ব্যক্তিদের উপর প্রয়োগ করতে বলা হচ্ছে এবং ASTRAZENECA VACCINE 18 বছর বা তার উর্ধ্বের ব্যক্তিদের উপর প্রয়োগ করতে বলা হচ্ছে।)

যাই হোক, টীকাকরণের ঝুঁকি এবং সুবিধা ও তাদের স্বাস্থ্যগত পরিস্থিতি বিষয়ে ডাক্তারদের সাথে পরামর্শ করে টীকাকরণের বিষয়ে বিবেচনা করা যেতে পারে।

18 বছরের কম বয়সী শিশুদের Sinovac ভ্যাকসিন দেওয়া উচিত নয়।

গর্ভবতী

গর্ভবতী মহিলাদের মধ্যে যাঁরা Comirnaty(BioNTech) ভ্যাকসিনগুলি (mRNA COVID-19 ভ্যাকসিন) নিতে চান, তাঁদের চিকিৎসকের সঙ্গে ভ্যাকসিন গ্রহণের ঝুঁকি ও সুবিধা বিষয়ে আলোচনা করা উচিত। আপনি যদি গর্ভবতী হন তাহলে আপনার Sinovac ভ্যাকসিন গ্রহণ করা উচিত নয়।

প্রসূতী মা

প্রসূতি মায়েদের মধ্যে mRNA COVID-19 ভ্যাকসিন গ্রহণের কোন ঝুঁকির বিষয়ে জানা যায়নি, তাই প্রসূতি মায়েদের অন্যদের মতোই Comirnaty(BioNTech) ভ্যাকসিনগুলি (mRNA COVID-19 ভ্যাকসিন) নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রসূতি মায়েদের Sinovac ভ্যাকসিন নেওয়া উচিত নয়।

কম প্রতিরোধ ক্ষমতাযুক্ত ব্যক্তি

কম প্রতিরোধ ক্ষমতাযুক্ত ব্যক্তিদের উপর BioNTech ও ASTRAZENECA VACCINE ব্যবহার বিষয়ে তথ্য খুব সীমিত, এবং প্রতিরোধ ক্ষমতা কমে যেতে পারে।

কম প্রতিরোধ ক্ষমতাযুক্ত ব্যক্তিদের COVID-19 ভ্যাকসিন গ্রহণের বারণ না থাকলে তাঁরা ভ্যাকসিন নিতে পারেন।

ক্ষতিগ্রস্ত প্রতিরোধ ক্ষমতাযুক্ত ব্যক্তিদের ক্ষেত্রে Sinovac ভ্যাকসিনের সুরক্ষা ও কার্যকারিতার তথ্য পাওয়া যায়নি, এবং প্রতিটি ব্যক্তির জন্য আলাদা ভাবে বিবেচনা করে Sinovac ভ্যাকসিন দেওয়া উচিত।

বেশি রক্তপাতের সম্ভাবনা থাকলে

বেশি রক্তপাতের সম্ভাবনাযুক্ত ব্যক্তিদের, যেমন যাঁরা অ্যান্টিকগুল্যান্ট থেরাপি নেন বা যাঁদের ব্লিডিং ডিসঅর্ডার আছে, তাঁদের ক্ষেত্রে COVID-19 ভ্যাকসিন দেওয়ার সময় জটিলতা সৃষ্টি হতে পারে কারণ এতে ইন্টারমাস্কুলার ইনজেকশনের প্রয়োজন পড়ে। সংশ্লিষ্ট ব্যক্তিদের COVID-19 ভ্যাকসিন গ্রহণের সম্ভাব্য ঝুঁকি ও সুবিধা, ভ্যাকসিন গ্রহণের আদর্শ সময় ও পথ বিষয়ে তাঁদেত চিকিৎসকের সাথে আলোচনা করা উচিত।

গ্লুকোজ-6-ফসফেট ডিহাইড্রোজেনেস (G6PD) ডেফিসিয়েন্সি

গ্লুকোজ-6-ফসফেট ডিহাইড্রোজেনেস (G6PD) ডেফিসিয়েন্সিতে আক্রান্ত রোগীদের উপর COVID-19 ভ্যাকসিনগুলির ব্যবহারের সুরক্ষা ও কার্যকারিতা বিষয়ে তথ্য সীমিত। ঔষধ কোম্পানিগুলির দ্বারা প্রদত্ত তথ্য অনুযায়ী যে সমস্ত রোগীদের ভ্যাকসিন গ্রহণ করা উচিত নয় বা সাবধানতা নেওয়া উচিত তাদের তালিকায় G6PD ডেফিসিয়েন্সির উল্লেখ নেই। যদি এই রোগীদের ভ্যাকসিনেশন বিষয়ে কোন জিজ্ঞাস্য থাকে তাহলে চিকিৎসকের পরামর্শ নেওয়া উচিত।

আগে COVID-19 সংক্রমণ হয়ে থাকলে

জয়েন্ট সায়েন্টিফিক কমিটিজ অফ এমার্জিং অ্যান্ড জুনটিক ডিজিজেস অ্যান্ড ভ্যাকসিন প্রিভেনটেবল ডিজিজেসের সাম্প্রতিক পরামর্শ অনুযায়ী, COVID-19 সংক্রমণ থেকে সেরে ওঠা ব্যক্তিদের ব্যক্তিগত সুরক্ষার জন্য COVID-19 ভ্যাকসিনের শুধুমাত্র একটি ডোজ নিতে বলা হচ্ছে।

যে সমস্ত ব্যক্তি mRNA ভ্যাকসিন (Comirnaty (BioNTech)) নিতে চান তাঁদের COVID-19 সংক্রমণ থেকে সেরে ওঠার পর অন্তত 90 দিন অপেক্ষা করতে হবে। সেখানে, যে সমস্ত ব্যক্তি নিষ্ক্রিয় ভ্যাকসিন(CoronaVac (Sinovac)) নিতে চান তাঁদের সুস্থ হয়ে ওঠার পর 180 দিন অপেক্ষা করতে হবে।

COVID-19 সংস্পর্শের সম্ভাবনা থাকলে

COVID-19 ভ্যাকসিন বর্তমানে সংস্পর্শ-পরবর্তী উপচার হিসাবে দেওয়া হচ্ছে না।

বর্তমানে সংস্পর্শ-পরবর্তী উপচার হিসাবে COVID-19 ভ্যাকসিনের কার্যকারিতা ও সুরক্ষা বিষয়ে কোন প্রমাণ নেই।

হংকং-এ উপলব্ধ তিনটি ভ্যাকসিনের প্রত্যেকটিতেই দুটি ডোজ প্রয়োজন এবং সমগ্র টীকাকরণ পর্বের সময়সীমাটি COVID-19-এর সংস্পর্শে আসা থেকে লক্ষণ দেখা দেওয়া পর্যন্ত যে পর্ব তার সময়সীমাকে ছাপিয়ে যাবে।

কোয়ারেন্টাইনে থাকলে

COVID-19 ভাইরাসের সংস্পর্শে আসা ব্যক্তিদের COVID-19 রোগে আক্রান্ত হওয়ার ঝুঁকি বিবেচনা করে, পেশাদার স্বাস্থ্যকর্মীদের মত অনুযায়ী কোয়ারেন্টাইনের সময়সীমা শেষ না হওয়া অব্দি টীকা দেওয়া উচিত নয়।

অন্য কোন ভ্যাকসিন সদ্য নেওয়া থাকলে বা নেওয়ার কথা থাকলে

এখনো অব্দি তিনটি COVID-19 ভ্যাকসিনের সঙ্গে অন্য কোন প্রোফাইল্যাকটিক ভ্যাকসিন এবং/বা ওষুধের আন্তঃক্রিয়া নিয়ে কোন গবেষণা হয়নি।

সাধারণ ভাবে, নিষ্ক্রিয় ভ্যাকসিনগুলি একসঙ্গেই নেওয়া যাবে কিন্তু সক্রিয় ভ্যাকসিনের ক্ষেত্রে 28 দিনের ব্যবধান রাখা ভালো।

আমেরিকার সেন্টারস্ ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন(CDC) প্রকাশিত সাময়িক নির্দেশিকা অনুযায়ী সাবধানতা হিসাবে অন্য কোন প্রোফাইল্যাকটিক ভ্যাকসিন গ্রহণের 14 দিন আগে বা পরে COVID-19 ভ্যাকসিন নিলে সম্ভাব্য প্রতিকূল ঘটনার নিরাকরণ ঘটতে পারে।

BioNTech COVID-19 ভ্যাকসিন অসতর্ক ভাবে গ্রহণ/ সংশ্লিষ্ট ব্যবধান না মেনে অন্য কোন ভ্যাকসিনের সাথে গ্রহণ করলে কোন ভ্যাকসিনই পুনরায় গ্রহণের প্রয়োজন নেই।

অতি দুর্বলতাযুক্ত বয়স্ক মানুষেরা

অতিরিক্ত দুর্বলতাযুক্ত(যেমন বৃদ্ধদের রেসিডেনশিয়াল কেয়ার হোমে শয্যাগত বৃদ্ধরা) বয়স্ক মানুষদের ক্ষেত্রে বিশেষত যারা বেশি বয়স্ক(৪5 বছর বা তার বেশি), তাদের ক্ষেত্রে ভ্যাকসিন-সহ যে কোন ওষুধের থেকে আসা মৃদু প্রতিকূল প্রভাবও তাদের আসল রোগের অবস্থা বা পরিস্থিতি খারাপ করে দিতে পারে। এই শ্রেণির মানুষদের ক্ষেত্রে BioNTech ভ্যাকসিন গ্রহণের সুবিধা ও ঝুঁকি চিকিৎসকদের দ্বারা পৃথকভাবে বিচার্য এবং তীব্র জ্বরের রোগ থাকলে ভ্যাকসিন বিলম্বিত করা উচিত এবং এই উপদেশ দুর্বল বয়স্কদের মধ্যে BioNTech ভ্যাকসিনের ব্যবহার বিষয়েও প্রযোজ্য।

Fosunফার্মা/BioNTech Comirnaty COVID-19 mRNA vaccine (BNT162b2) সম্বন্ধে আরো তথ্য

Comirnaty ভ্যাকসিন সম্বন্ধে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

Fosunফার্মা/BioNTech Comirnaty COVID-19 mRNA vaccine (BNT162b2) ("Comirnaty ভ্যাকসিন") সম্বন্ধিত এই প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নগুলি(FAQ) প্রোডাক্ট ইনফরমেশন অনুযায়ী স্বাস্থ্য দপ্তরের দ্বারা তৈরি করা হয়েছে।

এই নথিটি প্রয়োজন অনুযায়ী সময়ে সময়ে সম্পাদনা করা হবে।

FAQ-তে প্রদত্ত তথ্যগুলি সাধারণ জিজ্ঞাসার জন্য এবং এগুলি পেশাদার চিকিৎসকের উপদেশের বিকল্প নয়। যদি আপনার নিজস্ব স্বাস্থ্য সম্বন্ধে কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে কোন চিকিৎসক বা ফার্মাসিস্টের পরামর্শ নিন।

FAQ-গুলি(21 থেকে 41 নম্বর) 4 ফেব্রুয়ারি 2021 তারিখে প্রথম তৈরি করা হয়।

সাধারণ প্রশ্নাবলী

COVID-19 টীকাকরণের সুবিধাগুলি কী?

SARS-CoV-2-এর দ্বারা সংক্রামিত COVID-19 খুব ছোঁয়াচে রোগ। একবার সংক্রামিত হলে জটিল সমস্যা দেখা দিতে পারে, সমস্যা আরো জটিল হলে মৃত্যু অব্দি হতে পারে। আপনি যদি সংক্রামিত হন, তাহলে আপনি আপনার পরিবার, বন্ধু বা পারিপার্শ্বিক লোকজনকে সংক্রামিত করতে পারেন।

মাস্ক পড়লে ও সামাজিক দূরত্ব বজায় রাখলে সংক্রামিত হওয়া বা সংক্রমণ ছড়ানোর সম্ভাবনা কমতে পারে, কিন্তু এগুলি যথেষ্ট নয়। ভ্যাকসিন আপনার প্রতিরোধ ব্যবস্থার সঙ্গে সম্মিলিতভাবে কাজ করবে যাতে আপনি ভাইরাসের সংস্পর্শে এলে আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা তার সঙ্গে লড়াই করতে পারে। এটি COVID-19-এর বিরুদ্ধে সর্বশ্রেষ্ঠ সুরক্ষা প্রদান করবে।

তার সঙ্গে ক্লিনিকাল ট্রায়ালে প্রাপ্ত পূর্বলব্ধ তথ্য অনুযায়ী বিশেষজ্ঞরা মনে করছেন, আপনার COVID-19 হবে গেলেও ভ্যাকসিন আপনাকে গুরুতর অসুস্থ হওয়া থেকে রক্ষা করবে।

আর সাধারণ ভাবে বলতে হলে. ভাইরাল রোগের ভ্যাকসিনগুলি টীকাপ্রাপ্ত ব্যক্তিদের দ্বারা অন্যদের সংক্রামিত হওয়ার সম্ভাবনাও কমিয়ে দেয়। COVID-19 টীকাপ্রাপ্ত ব্যক্তিরা হার্ড ইমিউনিটিও তৈরি করতে পারে, যা পরোক্ষ ভাবে টীকাকরণের মাধ্যমে প্রতিরোধ ক্ষমতা তৈরি করে মানুষকে ছোঁয়াচে রোগ থেকে রক্ষা করে।

Comirnaty ভ্যাকসিন(COVID-19 mRNA vaccine) কেন ব্যবহার করা হয়?

Comirnaty হল SARS-CoV-2 ভাইরাসের দ্বারা সংক্রামিত COVID-19 রোগ প্রতিরোধের জন্য তৈরি ভ্যাকসিন। এটি ১6 বছর বা তার বেশি বয়সী প্রাপ্তবয়স্কদের দেওয়া হয়।

ভ্যাকসিন রোগ প্রতিরোধ ব্যবস্থায়(দেহের প্রাকৃতিক প্রতিরোধ ক্ষমতা) ভাইরাসের বিরুদ্ধে কার্যকর অ্যান্টিবডি ও রক্তকণিকা তৈরিতে সাহায্য করে, যা COVID-19-এর বিরুদ্ধে সুরক্ষা প্রদান করে।

যেহেতু Comirnaty প্রতিরোধ ক্ষমতা তৈরির জন্য ভাইরাস ব্যবহার করে না, সুতরাং এটি থেকে COVID-19 হওয়ার ভয় নেই।

Comirnaty ভ্যাকসিন নেওয়ার আগে কি কি বিষয় বিবেচনা করা উচিত?

আপনার Comirnaty গ্রহণ করা উচিত নয়, যদি আপনি:

- পূর্বে গৃহীত Comirnaty ডোজের প্রতি, বা সক্রিয় উপাদানের প্রতি বা তাতে উপস্থিত কোন উপাদানের প্রতি অ্যালার্জিক হন।

প্রতিষেধক গ্রহণের আগে পেশাদার চিকিৎসকের সঙ্গে আলোচনা করুন যদি:

- অতীতে অন্য কোন ভ্যাকসিন ইঞ্জেকশন বা Comirnaty গ্রহণের পর তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া বা শ্বাসকষ্ট হয়ে থাকে।
- ইঞ্জেকশনের ছুঁচ ফোটানোর পর কখনো অজ্ঞান হয়ে গিয়ে থাকেন।
- আপনার তীব্র জ্বর-সহ অসুস্থতা বা সংক্রমণ থাকে। তীব্র জ্বর থাকলে টীকাকরণ পরে করা উচিত।
- আপনার রক্তপাত-জনিত সমস্যা থাকে, সহজেই আপনার রক্ত জমাট বেঁধে যায় বা জমাট না বাঁধার জন্য আপনি যদি কোন ওষুধ খেয়ে থাকেন।
- আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল হয়ে থাকে, সেটা HIV-জাতীয় কোন রোগ সংক্রমণের জন্য হতে পারে বা কর্টিকস্টেরয়েড-জাতীয় কোন ওষুধ সেবনের জন্য হতে পারে যা রোগ প্রতিরোধ ক্ষমতা কমিয়ে দেয়।

যে কোন প্রতিষেধকের মতোই Comirnaty ভ্যাকসিনের 2-টি ডোজ হয়তো সম্পূর্ণ ভাবে আপনাকে সুরক্ষা দেবে না বা কত দিন সুরক্ষা দেবে তাও জানা যাচ্ছে না।

16 বছরের কম বয়সীদের জন্য Comirnaty ভ্যাকসিনের পরামর্শ দেওয়া হচ্ছে না।

Comirnaty ভ্যাকসিন কীভাবে দেওয়া হয়?

Comirnaty ভ্যাকসিন ইন্টারমাস্কুলার অর্থাৎ পেশীর মধ্যে দেওয়া হয়। অন্তত 21 দিনের ব্যবধানে এই ভ্যাকসিনের দুটি ডোজ গ্রহণের পরামর্শ দেওয়া হয়।

আমি কি ওষুধ খাওয়ার পাশাপাশি Comirnaty ভ্যাকসিন নিতে পারি?

যদি আপনি সম্প্রতি কোন ওষুধ ব্যবহার করে থাকেন বা করতে পারেন, বা অন্য কোন ভ্যাকসিন নিয়ে থাকেন, তাহলে প্রতিষেধক গ্রহণের আগে আপনার চিকিৎসক বা ফার্মাসিস্টকে জানান।

Comirnaty ভ্যাকসিন গ্রহণের পরে আমি কি গাড়ি চালাতে বা কোন যন্ত্র ব্যবহার করতে পারবো?

টীকাকরণের কিছু সম্ভাব্য প্রভাবের কারণে সাময়িক ভাবে আপনার গাড়ি চালানো বা যন্ত্র ব্যবহারের সামর্থ্য প্রভাবিত হতে পারে। এই প্রভাবগুলি কম হওয়া অব্দি গাড়ি চালানো বা যন্ত্র ব্যবহার থেকে বিরত থাকুন(ভ্যাকসিনের সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া জানার জন্য অনুগ্রহ করে নীচের প্রশ্ন দেখুন)।

Comirnaty ভ্যাকসিনের মধ্যে কী উপাদান আছে এবং এর প্যাকেজের ভিতর কী আছে?

Comirnaty ভ্যাকসিনের সক্রিয় উপাদান হল COVID-19 mRNA VACCINE। ডাইলিউশনের পরে শিশির মধ্যে 0.3 মিলিলিটারের 5 টি ডোজ থাকে যার প্রতিটিতে 30 মাইক্রোগ্রাম mRNA থাকে।

অন্য উপাদানগুলি হল:

- ((4-হাইড্রক্সিবিউটাইল)অ্যাজানেডিল)বিস(হেক্সেন-6,1-ডাইল)বিস(2-হেক্সিলডেকানোয়েট) (ALC-0315)
- 2-[(পলিথাইলিন গ্লাইকল)-2000]-N,N-ডাইটেট্রাডিসাইল্যাকেটামাইড (ALC-0159)
- 1,2-ডিস্টিয়ারয়েল-এসএন-গ্লাইসেরো-3-ফসফোক্লোরিন (DSPC)
- কোলেস্টেরল
- পটাশিয়াম ক্লোরাইড
- পটাশিয়াম ডিহাইড্রোজেন ফসফেট
- সোডিয়াম ক্লোরাইড
- ডাইসোডিয়াম ফসফেট ডিহাইড্রেট
- সুক্রোজ
- ইঞ্জেকশনের জন্য জল

ভ্যাকসিনের রং সাদা বা ধূসর সাদা (pH: 6.9 থেকে 7.9) যা ৫টি ডোজের একটি মাল্টিডোজ শিশিতে 2 মিলিলিটারের স্বচ্ছ শিশি(টাইপ I কাঁচ)-তে দেওয়া হবে, যার সঙ্গে রাবারের স্টপার ও একটি ফ্লিপ-ফ্লপ প্লাস্টিক ক্যাপ অ্যালুমিনিয়াম সিলের সঙ্গে থাকবে।

প্যাক সাইজ: 195 শিশি, 5 শিশি, 1 শিশি

নিউক্লেয়িক অ্যাসিড ভ্যাকসিনগুলি তুলনামূলক ভাবে নতুন এবং মানুষের উপর এখনও এর ব্যবহার হয়নি। Comirnaty ভ্যাকসিনের সুরক্ষা ও কার্যকারিতা কীভাবে যাচাই করা হয়?

নিউক্লেয়িক অ্যাসিড ভ্যাকসিনের নীতি হল ভাইরাসের ভিতর থেকে রাইবোনিউক্লেয়িক অ্যাসিডের অংশ সংগ্রহ করে আনা, লিপিডগুলি বেঁধে ফেলা এবং মানুষের কোষের ভিতর এগুলি প্রবেশ করানো; ভ্যাকসিনকে মানুষের কোষের ভিতর প্রবেশ করানো হয় এবং নতুন করোনাভাইরাসের স্পাইক প্রোটিনের জিন(অ্যান্টিজেন)-কে মানুষের প্রতিরোধ ব্যবস্থার মধ্যে অ্যান্টিবডি তৈরি করতে ও আক্রান্ত কোষগুলিকে টি কোষগুলি দ্বারা ধ্বংস করতে চাপ সৃষ্টি করা হয়।

এখনো অব্দি ক্লিনিকাল ট্রায়ালে কোন বিশেষ সুরক্ষাজনিত সমস্যা লক্ষ করা যায়নি, এবং ক্লিনিকাল ট্রায়ালের তথ্যে COVID-19 রোখার জন্য ভ্যাকসিনের কার্যকারিতা ৯৫ শতাংশ হারে লক্ষ করা গেছে(34 নং প্রশ্ন দেখুন)।

স্বাস্থ্য দপ্তর স্থানীয় সুরক্ষার চালচিত্র লক্ষ রাখবে এবং উন্নত দেশগুলির ঔষধ নিয়ন্ত্রণ সংস্থা ও বিচার বিভাগের দ্বারা প্রদত্ত সাম্প্রতিক সুরক্ষা ও কার্যকারিতা মূল্যায়ন এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশের উপর নজর রাখবে।

সুরক্ষা

Comirnaty ভ্যাকসিনের সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া কী কী?

সমস্ত ভ্যাকসিনের মতো Comirnaty ভ্যাকসিনেও কিছু পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে কিন্তু সবার ক্ষেত্রে এগুলি হবে না। সাধারণ ভাবে, Comirnatyর সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলি হালকা ও সাময়িক। কেউ কেউ তীব্রতর পার্শ্ব প্রতিক্রিয়া অনুভব করতে পারেন কিন্তু তা খুব দুর্লভ।

এটা সত্যি যে অন্যান্য ভ্যাকসিনের তুলনায় COVID-19 ভ্যাকসিনের গবেষণা ও বিকাশের সময় ব্যাপকভাবে কমিয়ে আনতে হয়েছে। সেজন্য বিপুল সংখ্যক মানুষকে টীকা দেওয়ার পর কোন দুর্লভ বা অপ্রত্যাশিত তীব্র প্রতিকূল ঘটনা যে ঘটবে না, সেই সম্ভাবনা সম্পূর্ণ খারিজ করে দেওয়া যাচ্ছে না।

Comirnatyর মাধ্যমে তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া হওয়ার অল্প সম্ভাবনা রয়েছে৷ Comirnatyর একটি ডোজ নেওয়ার কয়েক মিনিট থেকে এক ঘন্টার মধ্যে সাধারণত তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া দেখা দিতে পারে৷

তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়ার লক্ষণের মধ্যে শ্বাসকষ্ট, মুখ ও গলা ফোলা, হৃৎস্পন্দন বৃদ্ধি, সারা শরীরে র‍্যাশ, মাথা ঘোরা ও দুর্বলতা হতে পারে৷

ক্লিনিকাল ট্রায়ালে এখনো Comirnaty নিয়ে গবেষণা চলছে৷

খুব সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া: ১০ জনের মধ্যে ১ জনকে প্রভাবিত করতে পারে

- ইঞ্জেকশনের জায়গায়: ব্যথা, ফোলা
- ক্লান্তি
- মাথাব্যথা
- পেশির ব্যথা
- শীতভাব
- গাঁটে ব্যথা
- ডায়রিয়া
- জ্বর

সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া: 10 জনের মধ্যে 1 জনকে প্রভাবিত করতে পারে

- ইঞ্জেকশনের জায়গায় লালচে ভাব
- বমিভাব
- বমি

বিরল পার্শ্ব প্রতিক্রিয়া: 100 জনের মধ্যে 1 জনকে প্রভাবিত করতে পারে

- স্ফিত লসিকা গ্রন্থি
- অসুস্থ বোধ
- হাতব্যথা
- অনিদ্রা
- ইঞ্জেকশনের জায়গায় চুলকানি
- অ্যালার্জিক প্রতিক্রিয়া (যেমন র‍্যাশ, চুলকানি)

দুর্লভ পার্শ্ব প্রতিক্রিয়া: 1 000 জনের মধ্যে 1 জনকে প্রভাবিত করতে পারে

- সাময়িকভাবে মুখের এক ধারে পক্ষাঘাত
- অ্যালার্জিক প্রতিক্রিয়া (যেমন র‍্যাশ, চুলকানি)

অজানা (উপলব্ধ তথ্য থেকে আন্দাজ করা যায়নি):

- তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া

Comirnaty ভ্যাকসিন নেওয়ার জন্য কোন পূর্ব প্রস্তুতি প্রয়োজন?

প্রোডাক্টের তথ্য অনুযায়ী Comirnaty গ্রহণের পর হাইপারসেনসিটিভিটি ও অ্যানাফাইল্যাক্সিস হতে পারে। Comirnaty গ্রহণের পর গ্রহীতাকে অন্তত 15 মিনিট পর্যবেক্ষণে রাখা উচিত।

অ্যানাফাইল্যাক্সিসের ইতিহাস-যুক্ত ব্যক্তিদের ভ্যাকসিন নেওয়ার আগে চিকিৎসক বা ফার্মাসিস্টের সাথে পরামর্শ করা উচিত, এবং ভ্যাকসিন নিলে নেওয়ার পর 30 মিনিট তাদের পর্যবেক্ষণে রাখা উচিত।

Comirnatyর প্রথম ডোজে যাদের অ্যানাফাইল্যাক্সিস হয়েছিল তাদের দ্বিতীয় ডোজ দেওয়া উচিত নয়।

Comirnaty ভ্যাকসিন গ্রহণের পর কোন গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিলে কী করা উচিত?

যদি আপনি কোন গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়ার শিকার হন তাহলে আপনাকে চিকিৎসক, ফার্মাসিস্ট বা নার্সের সঙ্গে কথা বলা উচিত। পেশাদার স্বাস্থ্যকর্মীরা আপনাকে প্রয়োজনীয় উপদেশ দেবেন, আপনার পরিস্থিতি মোকাবিলা করতে সাহায্য করবেন এবং স্বাস্থ্য দপ্তরকে জানানোর জন্য যথাযথ মূল্যায়ন করবেন।

স্বাস্থ্য দপ্তরের একটি অ্যাডভার্স ড্রাগ রিঅ্যাকশন (ADR) রিপোর্টিং সিস্টেম রয়েছে যা অ্যাডভার্স ইভেন্টস্ ফলোয়িং ইম্যুনাইজেশন (AEFI) রিপোর্ট গ্রহণ করে যা COVID-19 ভ্যাকসিনের সুরক্ষার উপর লক্ষ রাখে, এবং প্রয়োজন হলে পেশাদার স্বাস্থ্যকর্মীরা টীকাকরণের পর কোন প্রতিকূল ঘটনা ঘটলে তা স্বাস্থ্য দপ্তরের কাছে জ্ঞাপন করবে যাতে ভ্যাকসিনের সুরক্ষা নিয়ে ক্রমাগত পর্যবেক্ষণ জারি রাখা যায়।

কার্যকারিতা

Comirnaty ভ্যাকসিন কি সঙ্গে সঙ্গেই কাজ শুরু করে?

Comirnaty ভ্যাকসিনের দুটি ডোজ রয়েছে। প্রথম ডোজ থেকে কিছুটা সুরক্ষা পাওয়া যেতে পারে, আর দ্বিতীয় ডোজ নিলে ভাইরাসের থেকে অনেকটাই সুরক্ষা পাওয়া যাবে। টীকাকরণের পর শরীরে অ্যান্টিবডি গড়ে উঠতে ও COVID-19-এর বিরুদ্ধে সুরক্ষা তৈরি হতে কিছুটা সময় লাগে। সম্পূর্ণ সুরক্ষিত হতে দ্বিতীয় ডোজ নেওয়ার 7 দিন অব্দি সময় লাগতে পারে।

এত দিন অব্দি পাওয়া ক্লিনিকাল গবেষণার তথ্য অনুযায়ী Comirnaty ভ্যাকসিন কতখানি সুরক্ষা প্রদান করে?

একটি বৃহদাকারের ক্লিনিকাল ট্রায়ালে দেখা গেছে Comirnaty 16 বছর বা তার উর্ধ্বের মানুষদের COVID-19 থেকে সুরক্ষা প্রদানে কার্যকর।

এই ট্রায়ালে প্রায় 44 000 লোক অংশ নিয়েছিল। এর মধ্যে অর্ধেক মানুষকে ভ্যাকসিন দেওয়া হয় এবং অর্ধেক মানুষকে একটি নকল স্যালাইন ইঞ্জেকশন দেওয়া হয়। অংশগ্রহণকারীরা জানতেন না কাকে কি দেওয়া হচ্ছে।

16 বছরের উর্ধ্বের(এমনকি 75 বচর বয়স অব্দি) 36 500 জন ব্যক্তির যাদের আগে কোন সংক্রমণের লক্ষণ ছিল না, তাদের মধ্যে এর কার্যকারিতা লক্ষ করা গেছে। নকল ওষুধ নেওয়া ব্যক্তিদের তুলনায়(18 325 জনের মধ্যে 162 জন COVID-19-এ সংক্রামিত হয়েছে) আসল ভ্যাকসিন নেওয়া ব্যক্তিদের ক্ষেত্রে(18 198 জনের মধ্যে মাত্র ৮ জনের COVID-19 লক্ষণ দেখা গেছে) সিম্পটোমেটিক COVID-19 কেসের 95% হ্রাস লক্ষ করা গেছে। এর মানে হল ট্রায়ালে ভ্যাকসিন 95% কার্যকারিতা দেখিয়েছে।

এমনকি ট্রায়ালে শ্বাসকষ্ট, ক্রনিক ফুসফুসের রোগ, ডায়াবিটিস, উচ্চ রক্তচাপ বা >= 30কেজি/ m^2 বডি মাস ইনডেক্সযুক্ত ব্যক্তি-সহ COVID-19-এর উচ্চ ঝুঁকিসম্পন্ন ব্যক্তিদের মধ্যেও 95% কার্যকারিতা লক্ষ করা গেছে।

Comirnaty ভ্যাকসিন কি একটি ডোজ নেওয়ার পর সুরক্ষা প্রদান করতে পারে?

যে সমস্ত রোগীরা Comirnatyর দুটি ডোজ নেয়নি, তাদের ক্ষেত্রে ভ্যাকসিনের কার্যকারিতা এখনো গবেষণাসাধ্য। সাম্প্রতিক তথ্য অনুযায়ী একটি ডোজের পর ভ্যাকসিনের সামগ্রিক কার্যকারিতা 82%। প্রথম ডোজের পরে এবং দ্বিতীয় ডোজের আগে ভ্যাকসিনের কার্যকারিতা 52% দেখাচ্ছে, এমন তথ্যও রয়েছে।

Comirnaty ভ্যাকসিনের প্রথম ডোজ নেওয়ার পর গ্রহীতা কি অন্য কোন ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ নিতে পারবেন?

COVID-19 ভ্যাকসিনের পরিবর্তন বিষয়ে এখনো কোন তথ্য নেই। এক ভ্যাকসিন দিয়েই টীকাকরণ সম্পন্ন করা উচিত।

Comirnaty ভ্যাকসিন কি তীব্র COVID-19 সংক্রমণের ক্ষেত্রে কার্যকর?

ক্লিনিকাল ট্রায়ালে প্রাপ্ত পূর্বের তথ্য অনুযায়ী, COVID-19-এ আক্রান্ত হলেও ভ্যাকসিন আপনাকে গুরুতর অসুস্থতার হাত থেকে রক্ষা করে, তবে এই তথ্যটি নিশ্চিত করার জন্য আরো ক্লিনিকাল ট্রায়ালের তথ্য প্রয়োজন।

গুণমান

হংকং-এ সরবরাহ করা Comirnaty ভ্যাকসিন কোথায় তৈরি হয়? হংকং-এ সরবরাহ করা ভ্যাকসিনের গুণমান কিভাবে যাচাই করা যাবে?

Fosun ফার্মার প্রদত্ত তথ্য অনুযায়ী হংকং-এর জন্য Comirnaty ভ্যাকসিনগুলি ইউরোপীয় দেশগুলিতে তৈরি হবে।

ভ্যাকসিন নির্মাতাকে অবশ্যই ফার্মাসিউটিকাল ইন্সপেকশন কো-অপারেশন স্কিম (PIC/S) গুড ম্যানুফ্যাকচারিং প্র্যাকটিস (GMP) স্ট্যান্ডার্ডগুলি মেনে চলতে হবে। আমদানিকৃত ভ্যাকসিনগুলির একটি সার্টিফিকেট অফ অ্যানালাইসিস রয়েছে যা সংশ্লিষ্ট শর্তাবলী মেনে চলার প্রমাণ।

Comirnaty ভ্যাকসিন সংরক্ষণের ক্ষেত্রে কড়া শর্ত রয়েছে। সেগুলি কী?

ভ্যাকসিন শিশুদের চোখের ও নাগালের বাইরে রাখা উচিত।

স্টোরেজ, এক্সপায়ারি, ব্যবহার ও রক্ষণাবেক্ষণ বিষয়ে নীচের তথ্যগুলি পেশাদার স্বাস্থ্যকর্মীদের জন্য।

- এক্সপায়ারি তারিখের পর ওষুধগুলি আর ব্যবহার করবেন না, এক্সপায়ারি তারিখ কার্টনে EXP লেখা লেবেলের পর দেওয়া থাকবে। এক্সপায়ারি তারিখ সংশ্লিষ্ট মাসের শেষ দিনকে বোঝায়।
- -90 °সে. থেকে -60 °সে.-এ অতিনিম্ন তাপমাত্রার ফ্রিজারে স্টোর করতে হবে।
- আলো থেকে রক্ষার জন্য আসল প্যাকেজের মধ্যেই স্টোর করুন।
- ঠান্ডা অবস্থা থেকে বের করে আনার পর ভ্যাকসিনটি দ্রবীভূত হওয়ার পর সঙ্গে সঙ্গে ব্যবহার করা উচিত। যাই হোক, ব্যবহৃত তথ্য অনুযায়ী ফ্রিজার থেকে সরানোর পর দ্রবীভূত না হওয়া ভ্যাকসিন ৫ দিন অব্দি 2° সে. থেকে ৪° সে.-এ বা 2 ঘন্টা অব্দি 30° সে. তাপমাত্রায় স্টোর করা যাবে।
- দ্রবীভূত হওয়ার পর ভ্যাকসিনটি 2° সে. থেকে 30° সে. তাপমাত্রায় স্টোর করে 6 ঘন্টার মধ্যে ব্যবহার করতে হবে। অব্যবহৃত ভ্যাকসিন বাতিল করুন।
- ফ্রিজার থেকে একবার সরালে ও দ্রবীভূত করলে শিশিগুলিতে বাতিল করার নতুন তারিখ ও সময় লিখে রাখতে হবে।
- একবার জমাট অবস্থা থেকে তরল করলে ভ্যাকসিন পুনরায় জমানো যাবে না।
- ভ্যাকসিনের দ্রবণে কিছু লক্ষ করলে বা রং বদলে গেলে ভ্যাকসিনটি ব্যবহার করবেন না।
- কোন ওষুধ নোংরা জলে বা ঘরের আবর্জনার সঙ্গে ফেলে দেবেন না। অব্যবহৃত ওষুধ কীভাবে ফেলবেন তা আপনার ফার্মাসিস্টের কাছে জেনে নিন। এটি পরিবেশকে রক্ষা করতে সাহায্য করবে।

(Bengali version)

<u>Comirnaty ভ্যাকসিন সংরক্ষণের ক্ষেত্রে যে কড়া শর্ত রয়েছে, তার ফলে ভ্যাকসিন দেওয়ার আগে অব্দি তার গুণমান কিভাবে বজায় রাখা হবে?</u>

<u>বিমানবন্দর থেকে গুদাম অব্দি</u>

হংকং-এ আসার পর ভ্যাকসিনগুলিকে সরাসরি ইউরোপিয়ান নির্মাতাদের দ্বারা প্রদত্ত তাদের আসল প্যাকেজ-সহ গুদামে পাঠানো হবে। প্যাকেজটি একটি থার্মাল কন্টেনার যাতে ভিতরের তাপমাত্রা বজায় রাখার জন্য শুষ্ক বরফ থাকবে।

পরিবহনের সময় প্রতিটি প্যাকেজের ভিতরের তাপমাত্রা লক্ষ রাখার জন্য একটি টেমপারেচার লগার রাখা হবে।

<u>গুদামে রক্ষণাবেক্ষণ</u>

গুদামে আসার পর প্যাকেজগুলি খুলে সঙ্গে সঙ্গে অতি-নিম্ন উষ্ণতার ফ্রিজারে স্থানান্তরিত করা হবে, যেগুলি ভ্যাকসিনের প্রয়োজনীয় স্টোরেজ তাপমাত্রা(-90 °সে. থেকে -60 °সে.) বজায় রাখবে।

গুদামের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিরা ভ্যাকসিন তবেই ছাড়বেন যদি টেম্পারেচার লগারের তথ্যে নির্মাতাদের কাছ থেকে গুদামে আসা অব্দি ভ্যাকসিন উপযুক্ত স্টোরেজ তাপমাত্রায় রাখা হয়ে থাকে।

<u>তাপমাত্রা পর্যবেক্ষণ</u>

প্রতিটি অতি-নিম্ন তাপমাত্রার ফ্রিজারে মান্যতাপ্রাপ্ত স্থানীয় ও রিমোট অ্যালার্ম সিস্টেম লাগানো থাকবে। তাপমাত্রায় কোন কারণে বৃদ্ধি ঘটলে অ্যালার্মগুলি গুদামের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের সতর্ক করে দেবে।

বিদ্যুৎ সমস্যা ও অতি-নিম্ন তাপমাত্রার ফ্রিজারের যান্ত্রিক সমস্যার জন্য বিকল্প বিদ্যুৎ এবং আকস্মিক স্টোরেজ পরিকল্পনার ব্যবস্থা থাকবে।

<u>ভ্যাকসিনের দ্রবীভবন</u>

ভ্যাকসিনেশন সেন্টার/সাইটগুলি থেকে অর্ডার পাওয়ার পর ভ্যাকসিনগুলি অতি-নিম্ন তাপমাত্রার ফ্রিজার থেকে বের করে গুদামের ভিতরেই একটি স্বীকৃত শীতলকক্ষে দ্রবীভূত করা হবে, যেখানে তাপমাত্রা 2℃ থেকে ৪℃ -এর মধ্যে নিয়ন্ত্রিত রাখা হবে।

দ্রবীভূত ভ্যাকসিনগুলিতে তারপর দ্রবীভবন-পরবর্তী আয়ু(ফ্রিজার থেকে বের করার পর ৫ দিন) চিহ্নিত করা হবে, প্যাকিং করে ডেলিভারির জন্য প্রস্তুত করা হবে, এই সমস্ত কিছুই স্বীকৃত শীতলকক্ষে হবে।

<u>ভ্যাকসিন ডেলিভারি</u>

দ্রবীভূত ভ্যাকসিন স্বীকৃত শীতল বাক্সে তাপমাত্রা বজায় রাখার জন্য শীতলক-সহ সরবরাহ করা হবে। প্রতিটি শীতল বাক্সে তাপমাত্রা পর্যবেক্ষণ করার জন্য একটি করে টেম্পারেচার লগার থাকবে যার মাধ্যমে সরবরাহ প্রক্রিয়ার সময় তাপমাত্রার উপর লক্ষ রাখা হবে।

ভ্যাকসিন পাওয়ার পর তা ব্যবহারের জন্য ছাড়ার আগে ভ্যাকসিনেশন সেন্টার/সাইটের কর্মীরা টেম্পারেচার লগারের মাধ্যমে যাচাই করবে ভ্যাকসিনগুলি গুদাম থেকে ভ্যাকসিনেশন সেন্টার/সাইটে আসা অব্দি 2℃ থেকে ৪℃ তাপমাত্রায় ছিল কিনা।

(Bengali version)

অতি-নিম্ন তাপমাত্রার ফ্রিজার থেকে বের করার পর দ্রবীভূত ভ্যাকসিনের আয়ু 5 দিন, যদি 2℃ থেকে 8℃ তাপমাত্রায় স্টোর করা হয়।

সমস্ত দ্রবীভূত ভ্যাকসিন ভ্যাকসিনেশন সেন্টার/সাইটগুলিতে দ্রবীভবনের দ্বিতীয় দিনের মধ্যে পৌঁছে দেওয়া হবে যাতে এগুলির ভ্যাকসিনেশন সেন্টার/সাইটে অন্তত 80 ঘন্টা আয়ু থাকে। ভ্যাকসিনগুলি ভ্যাকসিনেশন সেন্টার/সাইটে মেডিকাল গ্রেড রেফ্রিজারেটরে 2℃ থেকে 8℃ তাপমাত্রায় স্টোর করা হবে।

উপরোক্ত কঠোর কোল্ড-চেন নিয়ন্ত্রণ নিশ্চিত করবে যাতে Comirnaty ভ্যাকসিনের গুণমান কোন অনিয়ন্ত্রিত স্টোরেজ তাপমাত্রার দ্বারা প্রভাবিত না হয়।

টীকাকরণ কর্মসূচী ও স্থান

COVID-19 টীকাকরণ কর্মসূচী কী?

সরকার সমস্ত হংকংবাসীদের জন্য বিনামূল্যে COVID-19 ভ্যাকসিন দেওয়ার লক্ষ্যে ঝুঁকি অনুযায়ী ধাপে ধাপে অঞ্চলব্যাপি COVID-19 টীকাকরণ কর্মসূচী(প্রোগ্রাম) চালু করেছে।

এই প্রোগ্রামের অধীনে হাসপাতাল ও ক্লিনিক, এবং রেসিডেনশিয়াল কেয়ার হোম ও কমিউনিটি ভ্যাকসিনেশন সেন্টার-সহ বিভিন্ন জায়গায় COVID-19 ভ্যাকসিনেশন উপলব্ধ থাকবে।

সাধারণ মানুষ কি ভ্যাকসিনের ধরন বেছে নিতে পারেন?

সরকার পরিবেশ, পরিস্থিতি, ভ্যাকসিন গ্রহীতাদের ধরন, ভ্যাকসিন প্রদানের স্থান ও সময় অনুযায়ী ভ্যাকসিনের উরন ঠিক করবে।

বর্তমানে একই স্থান ও সময়ে একের বেশি ধরনের ভ্যাকসিনের উপলব্ধতা আশা করা যাচ্ছে না।

সাধারণ মানুষ যদি অন্য কোন ধরনের ভ্যাকসিন নিতে চান তাহলে তাঁদের এমন কোন স্থানে গিয়ে ভ্যাকসিন নিয়ে আসতে হবে যেখানে সেই ভ্যাকসিন উপলব্ধ।

কমিউনিটি ভ্যাকসিনেশন সেন্টার কীভাবে কাজ করে?

অঞ্চলব্যাপি COVID-19 টীকাকরণ কর্মসূচী(প্রোগ্রাম)-কে সহায়তা করার জন্য সরকার 26 ফেব্রুয়ারি 2021 থেকে শুরু করে বিভিন্ন জেলায় Sinovac এবং পরে BioNTech COVID-19 ভ্যাকসিন দেওয়ার জন্য কমিউনিটি ভ্যাকসিনেশন সেন্টার স্থাপন করেছে। কমিউনিটি ভ্যাকসিনেশন সেন্টারগুলি ধাপে ধাপে খুলবে। একটি কমিউনিটি ভ্যাকসিনেশন সেন্টারে এক ধরনের ভ্যাকসিনই দেওয়া হবে। হংকংবাসীরা তাঁদের ঝুঁকির বর্গ অনুযায়ী বিনামূল্যে ধাপে ধাপে সুষ্ঠভাবে ভ্যাকসিন নিতে পারবেন।

কীভাবে অ্যাপয়েন্টমেন্ট নেবেন:

ভিড় এড়ানোর জন্য এবং ব্যবস্থাপনা করানোর জন্য সাধারণ মানুষ প্রোগ্রামের অ্যাপয়েন্টমেন্ট ওয়েবসাইটে গিয়ে আগে থেকে একটি অ্যাপয়েন্টমেন্ট ঠিক করে রাখতে পারেন।

টীকাকরণ:

ভ্যাকসিনেশন সেন্টারে আসার পর কর্মীরা ভ্যাকসিনসংক্রান্ত তথ্য জানিয়ে দেবে এবং ভ্যাকসিন দেওয়ার আগে ভ্যাকসিনেশনের উপযুক্ত পরিস্থিতি যাচাই করবে। ভ্যাকসিন গ্রহণের পর, একটি ভ্যাকসিনেশন রেকর্ড দেওয়া হবে। ভ্যাকসিনের ধরন অনুযায়ী এবং ব্যক্তিবিশেষের মেডিকাল ইতিহাস অনুযায়ী ভ্যাকসিন নেওয়ার পর 15 থেকে 30 মিনিট অব্দি পর্যবেক্ষণে থাকা উচিত।

ভ্যাকসিনেশন পরবর্তী প্রশ্ন

যদি আমার মনে হয় যে আমি COVID-19 টীকাকরণের পার্শ্ব প্রতিক্রিয়া অনুভব করছি তাহলে আমার কি করা উচিত?

ভ্যাকসিনের তথ্যসূচীতে পার্শ্ব প্রতিক্রিয়া বিষয়ক তথ্য পাওয়া যাবে।

সাধারণ ভাবে, COVID-19 ভ্যাকসিনের সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলি মৃদু এবং ক্ষণস্থায়ী। কেউ কেউ বেশি তীব্র, কিন্তু সাধারণত দুর্লভ প্রতিকূল প্রভাব অনুভব করতে পারেন। ভ্যাকসিন গ্রহণের পর আপনাকে পর্যবেক্ষণ অঞ্চলে 15 থেকে 30 মিনিট অব্দি থাকতে হবে।

ইঞ্জেকশনের জায়গায় ব্যথা এবং কষ্ট কম করার জন্য সেখানে পরিষ্কার, ঠান্ডা, ভিজে কাপড় জড়িয়ে রাখতে পারেন। ধীরে ধীরে হাতের ব্যায়াম করুন। হালকা জ্বরের কষট কমানোর জন্য যথেষ্ট তরল গ্রহণ করুন।

চিকিৎসক বা অন্যান্য পেশাদার চিকিৎসাকর্মীর(যেমন ডেন্টিস্ট, ফার্মাসিস্ট, নার্স ও চাইনিজ মেডিসিন অভ্যাসকারী) সাহায্য গ্রহণ করুন যদি:

- ইঞ্জেকশন নেওয়ার 24 ঘন্টা পর যদি ইঞ্জেকশনের জায়গায় ব্যথা বা লালচে ভাব বাড়ে; বা
- কিছু দিন পরেও আপনার পার্শ্ব প্রতিক্রিয়া কম না হয়; বা
- আপনি যদি আপনার পার্শ্ব প্রতিক্রিয়া নিয়ে চিন্তিত হন

যদি আপনি চিকিৎসকের পরামর্শ নেন, তাহলে আপনার চিকিৎসককে অবশ্যই আপনার ভ্যাকসিনেশনের তথ্য জানাবেন এবং আপনার ভ্যাকসিনেশন রেকর্ড কার্ড উপলব্ধ থাকলে দেখাবেন। তাঁরা আপনাকে উপদেশ দেবেন, আপনার পরিস্থিতির যথাযথ মূল্যায়ন করে স্বাস্থ্য দপ্তরে জানাবেন যদি কোন গুরুত্বপূর্ণ টীকাকরণ-পরবর্তী প্রতিকূল ঘটনা পাওয়া যায়।

COVID-19 ভ্যাকসিন কি আমাকে COVID-19 রোগে আক্রান্ত করবে?

Sinovac, BioNTech এবং AstraZeneca ভ্যাকসিনগুলিতে জীবন্ত ভাইরাস থাকে না যা COVID-19 রোগের কারণ হতে পারে। এই ভ্যাকসিনগুলি আপনাকে COVID-19 দ্বারা আক্রান্ত করবে না।

অনুগ্রহ করে সচেতন হোন যে ভ্যাকসিন গ্রহণের পরেও প্রতিরোধ ক্ষমতা তৈরি হতে কিছু সময় লাগে। তার মানে ভ্যাকসিন গ্রহণের আগে বা পরে কোন ব্যক্তি COVID-19 ভাইরাসের দ্বারা আক্রান্ত হয়ে অসুস্থ হতে পারে। তার কারণ ভ্যাকসিনটি প্রতিরোধ ক্ষমতা তৈরির জন্য যথেষ্ট সময় পায়নি।

COVID-19 টীকাকরণের পর ভাইরাল পরীক্ষায় আমি কি COVID-19 পজিটিভ আসবো?

Sinovac, BioNTech এবং AstraZeneca ভ্যাকসিনগুলি পেশির ভিতরে দেওয়া হয় এবং এটি COVID-19-এর জন্য আপনার নিউক্লেয়িক অ্যাসিড বা শ্বাসযন্ত্রের থেকে সংগৃহীত নমুনার অ্যান্টিজেন টেস্টকে প্রভাবিত করবে এমন সম্ভাবনা খুব কম।

যদি আপনার শরীর একটি প্রতিরোধ ক্ষমতা গযে তোলে(ভ্যাকসিনেশনের লক্ষ্য) তাহলে আপনি কিছু অ্যান্টিজেন পরীক্ষায় পজিটিভ আসতে পারেন। আপনার আগে কখনো সংক্রমণ হয়েছিল কিনা বা আগে ভ্যাকসিন নিয়েছিলেন কিনা এবং ভাইরাসের বিরুদ্ধে আপনার কিছুটা সুরক্ষা রয়েছে কিনা তা অ্যান্টিবডি টেস্টে দেখা যায়।

আমি যে ভ্যাকসিনেশনের পর সুরক্ষিত আছি তা কীভাবে জানবো? এর জন্য কি কোন পরীক্ষা করতে হবে?

সাধারণ ভাবে বলতে গেলে, COVID-19 ভ্যাকসিন গ্রহণের আগে বা পরে COVID-19-এর ল্যাবরেটরি টেস্টিং(PCR বা সেরোলজি) দরকার নেই। যদি আপনার মধ্যে COVID-19-এর লক্ষণ দেখা যায়, তাহলে চিকিৎসকের পরামর্শ নিন এবং দরকার হলে পরীক্ষা করান।

যদি প্রথম ভ্যাকসিনের ডোজ নেওয়ার পর আমার একটি গুরুতর প্রতিকূল প্রতিক্রিয়া হয়ে থাকে তাহলে আমি কি দ্বিতীয় ডোজ নিতে পারব?

ভ্যাকসিনের প্রথম ডোজ নেওয়ার পর গুরুতর প্রতিকূল ঘটনার (বিশেষ করে হাস্পাতালে ভর্তি করতে হয়েছে এমন ক্ষেত্রে) ক্ষেত্রে, ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ নেওয়ার আগে আপনার চিকিৎসক বা পারিবারিক চিকিৎসকের সঙ্গে পরামর্শ করা উচিত।

জনস্বাস্থ্যের বিষয়টি মাথায় রেখে যদি কোন ব্যক্তির ভ্যাকসিনের প্রথম ডোজ নেওয়ার পর তাঁকে গুরুতর প্রতিকূল ঘটনার জন্য হাসপাতালে ভর্তি করতে হয়, সেক্ষেত্রে কমিউনিটি ভ্যাকসিনেশন সেন্টারগুলিতে বা হাসপাতাল কর্তৃপক্ষের জেনারেল আউট-পেশেন্ট ক্লিনিকগুলিতে তাঁর দ্বিতীয় ডোজের অ্যাপোয়েন্টমেন্ট বাতিল হয়ে যাবে যাতে সংশ্লিষ্ট ব্যক্তি দ্বিতীয় ডোজ নেওয়ার অনলাইন অ্যাপয়েন্টমেন্ট করার আগে তাঁর চিকিৎসকের সঙ্গে পরামর্শ করতে পারেন।

COVID-19 ভ্যাকসিন-সংক্রান্ত অন্যান্য প্রশ্ন

হংকং-এ সরবরাহ করা COVID-19 ভ্যাকসিনগুলি কি হালাল বা হালাল-স্বীকৃত?

Sinovac-এর প্রদত্ত তথ্য অনুযায়ী হংকং-এ প্রদত্ত CoronaVac ভ্যাকসিনগুলি হালাল-স্বীকৃত।

Fosun Pharma/BioNTech প্রদত্ত তথ্য অনুযায়ী হংকং-এ প্রদত্ত Comirnaty ভ্যাকসিনগুলির জন্য এখনও কোন হালাল শংসাপত্র নেই।

COVID-19 ভ্যাকসিন সংগ্রহের জন্য সরকারের নীতি কী?

সেপ্টেম্বর ২০২০-তে সরকার ঘোষণা করেছিল যে তারা সমগ্র হংকংবাসীকে COVID-19 থেকে রক্ষার্থে ভ্যাকসিন পাওয়ার জন্য একটি "দ্বি-মুখী" নীতি গ্রহণ করবে।

সরকার একদিকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা(WHO)-এর কোভ্যাক্স ফেসিলিটিতে যোগদান করেছিল, আবার অন্য দিকে দ্রুত ভ্যাকসিন পাওয়ার জন্য একক ভাবে বিভিন্ন ভ্যাকসিন নির্মাতাদের সঙ্গে আগাম ক্রয়ের চুক্তিও করেছিল।

ভ্যাকসিনগুলি বিকাশের প্রক্রিয়ার মধ্যে থাকা সত্ত্বেও এবং স্থানীয় নিয়ন্ত্রক কর্তৃপক্ষের সম্পূর্ণ স্বীকৃতি না পাওয়া সত্ত্বেও আগাম ক্রয়ের চুক্তি স্বাক্ষরের কারণ হল যাতে হংকং-এর নাগরিকদের মধ্যে সাফল্য লাভের বেশি সম্ভাবনাযুক্ত আগাম ভ্যাকসিনগুলি পাওয়া যায়।

COVID-19 ভ্যাকসিন কয় ধরনের?

COVID-19 ভ্যাকসিন মূলত চারটি আলাদা প্রযুক্তি ব্যবহার করে তৈরি করা হচ্ছে, যার মধ্যে নিষ্ক্রিয়, ভাইরাল ভেক্টর, নিউক্লেয়িক অ্যাসিড এবং প্রোটিন সাবিউনিট এই প্ল্যাটফর্মগুলি রয়েছে।

সরকার স্বাস্থ্য দপ্তরের অধীনে জয়েন্ট সায়েন্টিফিক কমিটি অন এমার্জিং অ্যান্ড জুনটিক ডিজিজেস এবং দ্য সায়িন্টিফিক কমিটি অন ভ্যাকসিন প্রিভেন্টেবল ডিজিজেস(কমিটির সদস্যদের তালিকা সেন্টার ফর হেল্থ প্রোটেকশনের ওয়েবসাইট: www.chp.gov.hk/en/static/24002.html -এ পাওয়া যাবে)-এর সঙ্গে এবং ফেজ ৩ ক্লিনিকাল ট্রায়ালে যাওয়া উপরোক্ত প্রযুক্তির ভ্যাকসিনগুলির অতিমারী-বিরোধী প্রচেষ্টার উপর চারজন সরকারি বিশেষজ্ঞের সঙ্গে পরামর্শ করেছে।

বিশেষজ্ঞরা মনে করেন প্রতিটি প্রযুক্তি প্ল্যাটফর্মের নিজস্ব গুণ রয়েছে। বিশেষজ্ঞরা এটাও বুঝেছেন যে সরকারের উচিত বিভিন্ন প্রযুক্তি প্ল্যাটফর্মের বিভিন্ন ভ্যাকসিন বিভিন্ন নির্মাতার কাছ থেকে সংগ্রহ করা।

সরকারের হংকং-এর জনসংক্যার দ্বিগুণ পরিমাণ ভ্যাকসিন সংগ্রহ করা উচিত যাতে ঝুঁকির পরিমাণ বুঝে যথাযথ সরবরাহ বজায় রাখা যায়।

"ইলেকট্রনিক ভ্যাকসিনেশন রেকর্ড" কী?

সরকার জনসাধারণের COVID-19 টীকাকরণের রেকর্ড এবং পরীক্ষার রেকর্ড যাতে সহজে স্মার্টফোনে এই রেকর্ডগুলির বৈদ্যুতিন রূপ দেখা ও ডাউনলোড করা যায় তার জন্য একটি ওয়েবসাইট (www.evt.gov.hk) তৈরি করেছে।

যখন “COVID-19 ভ্যাকসিনেশন প্রোগ্রাম” চালু করা হয়, সাধারণ মানুষ তাঁদের “ইলেকট্রনিক ভ্যাকসিনেশন রেকর্ড” ওয়েবসাইট থেকে সরাসরি "iAM Smart"-এর মাধ্যমে পরিচিতি যাচাই করে ডাউনলোড করতে পারেন।

সরকার কীভাবে নিশ্চিত করে যে সাধারণ মানুষের দ্বারা গৃহীত ভ্যাকসিন সুরক্ষিত ও কার্যকর?

ভ্যাকসিনের সুরক্ষা, কার্যকারিতা ও গুণমান সুনিশ্চিত করার জন্য সমস্ত ভ্যাকসিনকে ফেজ ৩ ক্লিনিকাল ট্রায়াল ও হংকং-এর বাইরে ড্রাগ রেগুলেটরি অথরিটির সম্মতি(আপতকালীন ব্যবহার-সহ) এবং রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ(ভ্যাকসিন ব্যবহার) রেগুলেশন(Cap. 599K) অনুযায়ী খাদ্য ও স্বাস্থ্য সচিব দ্বারা COVID-19 ভ্যাকসিনটি সরকারের দ্বারা পরিচালিত টীকাকরণ কর্মসূচীতে আপতকালীন পরিস্থিতিতে হংকং-এ ব্যবহারের জন্য স্বীকৃত করা-সহ যথাযথ প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হবে।

যেহেতু বিশ্ব জুড়ে ভ্যাকসিন প্রতিযোগিতা চরমে, প্রথম দিকে ভ্যাকসিন সরবরাহ কম থাকবে। সরকার একদিকে ভ্যাকসিন নির্মাতাদের সঙ্গে আগাম ক্রয়ের চুক্তির মাধ্যমে তাদের সঙ্গে বোঝাপড়া করবে যাতে তারা দ্রুত হংকং-এ ভ্যাকসিন ডেলিভারি দেয়; অন্যদিকে সাধারণ মানুষ যাতে দ্রুত ভ্যাকসিন পেতে পারে তার জন্য টীকাকরণ কর্মসূচীর যাবতীয় ব্যবস্থা করার জন্য বিশেষজ্ঞদের সাথে সাম্প্রতিক বৈজ্ঞানিক প্রমাণ ও ক্লিনিকাল তথ্য নিবে পরামর্শ করতে থাকবে।

COVID-19 ভ্যাকসিনের নিয়ন্ত্রণ ও নীরিক্ষণ কীভাবে করা হয়?

সরকার রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ (ভ্যাকসিন ব্যবহার) রেগুলেশন(Cap. 599K) (রেগুলেশন) জারি করেছে।

রেগুলেশন অনুযায়ী, খাদ্য ও স্বাস্থ্য সচিব(সেক্রেটারি) বিশেষ ব্যবহারের জন্য COVID-19 ভ্যাকসিনের স্বীকৃতি দিতে পারেন এক্ষেত্রে যা সরকারের পরিচালিত টীকাকরণ কর্মসূচীর জন্য দেওয়া হবে। একটি ভ্যাকসিনের স্বীকৃতির আগে সেক্রেটারিকে ভ্যাকসিনের সুরক্ষা, কার্যকারিতা ও গুণমান নিয়ে পরামর্শদাতাদের প্যানেলের সঙ্গে আলোচনা করতে হবে। অন্যান্য প্রয়োজনের মধ্যে, ভ্যাকসিনগুলিকে হংকং-এর বাইরের কোন ড্রাগ রেগুলেটরি অথরিটি বা বিশ্ব স্বাস্থ্য সংস্থার দ্বারা ব্যবহারের স্বীকৃতি পেতে হবে।

রেগুলেশনের আরো বলা হয়েছে যে খাদ্য ও স্বাস্থ্য সচিবকে অবশ্যই ভ্যাকসিন প্রদানের ফলে গ্রহীতাদের মধ্যে সৃষ্ট কোন প্রতিকূল পরিস্থিতির পর্যবেক্ষণের ব্যবস্থা করতে হবে।

গৃহীত ওষুধের(ভ্যাকসিন-সহ) প্রতিকূল প্রতিক্রিয়ার রিপোর্ট ঘনিষ্ঠ ভাবে পর্যবেক্ষণ করার জন্য স্বাস্থ্য দপ্তরের একটি প্রতিষ্ঠিত ব্যবস্থা আছে। স্বাস্থ্য দপ্তরের একটি ফার্মাকোভিজিলেন্স সিস্টেম রয়েছে, এবং ফার্মাসিউটিক্যাল ট্রেড ও পেশাদার স্বাস্থ্যকর্মীদের অ্যাডভার্স ইভেন্টস্ ফলোয়িং ইম্যুনাইজেশনে প্রদত্ত রিপোর্ট অনুযায়ী(গুরুতর প্রতিকূল ঘটনার ক্ষেত্রে) ক্ষতির পরিমাণ মূল্যায়ন করে। রিপোর্টগুলি বিশ্লেষণ করে দেখা হবে যে এগুলি ভ্যাকসিনেশনের সঙ্গে সম্পর্কিত কিনা।

স্বাস্থ্য দপ্তর উন্নত দেশগুলির ঔষধ নিয়ন্ত্রণ সংস্থা ও বিচার বিভাগের দ্বারা প্রদত্ত সাম্প্রতিক সুরক্ষা ও কার্যকারিতা মূল্যায়ন এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশের উপর নজর রাখে।

ভ্যাকসিনের ঝুঁকি যদি তার সুফলের চেয়ে বেশি হয়, তাহলে স্বাস্থ্য দপ্তর পরামর্শদাতা প্যানেলে উপযুক্ত তথ্য বিবেচনার জন্য দেওয়া ও ভ্যাকসিনের স্বীকৃতি তুলে নেওয়া-সহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে। ভ্যাকসিনের স্বীকৃতি তুলে নেওয়ার পরামর্শটি খাদ্য ও স্বাস্থ সচিবের কাছে যাবে। COVID-19 ভ্যাকসিনের প্রতিকূল প্রভাব বিবেচনা করে স্বাস্থ্য দপ্তর রেগুলেশন অনুযায়ী পর্যবেক্ষণ করবে ও পূর্বের ব্যবস্থা অনুযায়ী নিয়ন্ত্রণ জারি রাখবে।

COVID-19 ভ্যাকসিনের অ্যাডভার্স ইভেন্টস্ ফলোয়িং ইম্যুনাইজেশন-এর জন্য ইনডেমনিটি ফান্ড (AEFI Fund) কী?

AEFI ফান্ড উপযুক্ত ব্যক্তিদের অর্থনৈতিক সাহায্য দেওয়া জন্য যাঁদের COVID-19 ভ্যাকসিনের সঙ্গে সম্পর্কিত অপ্রত্যাশিত গুরুতর প্রতিকূল ঘটনায়(SAE)(মৃত্যু ও গুরুতর আঘাত-সহ) ভোগার প্রমাণ রয়েছে। বিস্তারিত জানতে এই পেজ দেখুন।

গুরুতর প্রতিকূল ঘটনায় আক্রান্ত ব্যক্তিরা AEFI ফান্ড থেকে কি নগদ অর্থ পাবেন?

সমস্ত গুরুতর প্রতিকূল ঘটনা(SAE) স্বাস্থ্য দপ্তরের প্ল্যাটফর্মে পেশাদার চিকিৎসকদের জানাতে হবে। SAE-এর রিপোর্ট পাওয়ার পর ক্লিনিকাল ইভেন্টস্ অ্যাসেসমেন্ট ফলোয়িং COVID-19 ইম্যুনাইজেশনের বিশেষজ্ঞ কমিটি এই বিষয়ে মূল্যায়ণ করবে। আক্রান্ত ব্যক্তি নগদ অর্থ পাবেন যদি নীচের দুটি শর্ত মানা হয়—

1. SAE-এর একটি রেজিস্টার্ড চিকিৎসকের দ্বারা প্রমাণপত্র থাকে; এবং
2. বিশেষজ্ঞ কমিটির মূল্যায়ণ যদি এ বিষয় অস্বীকার করতে না পারে যে সংশ্লিষ্ট ঘটনা সরকারের COVID-19 ভ্যাকসিনেশন কর্মসূচীর অধীনে প্রদত্ত ভ্যাকসিন গ্রহণের সাথে সম্পর্কিত নয়।

AEFI ফান্ডের সর্বাধিক প্রদেয় অর্থ কত? এই অর্থ কীভাবে তোলা হবে?

গুরুতর আঘাতের ঘটনাগুলিতে প্রদেয় ক্ষতিপূরণের রাশি এমপ্লয়িজ কমপেন্সেশন অর্ডিন্যান্স(চ্যাপ. 282) অনুযায়ী বিভিন্ন স্তরে দেওয়া হবে।

তালিকাভুক্ত গুরুতর প্রতিকূল ঘটনার ফলে সংঘটিত মৃত্যুর জন্য প্রদেয় রাশি

মৃত ব্যক্তির বয়স (ভ্যাকসিনেশনের শেষ ডোজের দিন)	**অর্থ রাশি (ব্যক্তিপিছু)**
40-এর নীচে	$2,500,000
40 বা তার বেশি	$2,000,000

তালিকাভুক্ত গুরুতর প্রতিকূল ঘটনার ফলে আহত ব্যক্তিদের প্রদেয় অর্থরাশি

আহত ব্যক্তির বয়স (ভ্যাকসিনেশনের শেষ ডোজের দিন)	অর্থের সর্বোচ্চ রাশি (ব্যক্তিপিছু)
40-এর নীচে	$3,000,000
40 বা তার বেশি	$2,500,000

AEFI ফান্ডের ক্লেম জমা দেওয়ার কোন সময়সীমা আছে?

ভ্যাকসিনেশনের শেষ ডোজ নেওয়ার দুই বছরের মধ্যে AEFI ফান্ডের ক্লেম জমা দিতে হবে।

কোন দাবীদার যদি AEFI ফান্ড থেকে অর্থ পেয়ে থাকে, তাহলে সে কি ভ্যাকসিন নির্মাতার বিরুদ্ধে তার ক্ষতির জন্য আইনি পদক্ষেপ নিতে পারে?

ফান্ড থেকে অর্থ গ্রহণ কোন ব্যক্তির ভ্যাকসিন নির্মাতার বিরুদ্ধে আইনি পদক্ষেপ গ্রহণের অধিকারকে প্রভাবিত করবে না। একজন দাবীদার তাঁর শারীরিক আঘাতের জন্য দায়ী যে কোন ব্যক্তির বিরুদ্ধে পদক্ষেপ নিতেই পারেন। যাই হোক, একজন দাবীদার দুই বার ক্ষতিপুরণ নিতে পারবেন না। যদি দাবীদার আদালতে নির্দেশ অনুযায়ী ক্ষতিপূরণ পান তাহলে এর আগে তিনি AEFI ফান্ড থেকে যে ক্ষতিপূরণ পেয়েছেন তা আদালতের পুরস্কার থেকে কেটে নেওয়া হবে।

COVID-19 ভ্যাকসিনেশন কর্মসূচী বিষয়ে অন্য কোন প্রশ্ন থাকলে কী করবো?

কিছু জানার থাকলে 3142 2366 এই হটলাইনে ফোন করুন।

অন্যান্য জনস্বাস্থ্য বিষয়ক পদক্ষেপ

COVID-19 ভ্যাকসিন উপলব্ধ হওয়ার পর এখন কি আর মাস্ক পরা বা সামাজিক দূরত্ব বজায় রাখার প্রয়োজন আছে?

হ্যাঁ। ভাইরাস সংক্রমণের ঝুঁকি কমানোর জন্য এখনো সামাজিক দূরত্ব, হাত পরিষ্কার রাখা এবং জনসমক্ষে মাস্ক পরার মতো নন-ফার্মাসিউটিক্যাল ইন্টারভেনশন(NPI)-এর প্রয়োজন আছে।

ভ্যাকসিন অসুস্থ মানুষের সংখ্যা কমিয়ে দেবে। অনেক দেশে নতুন স্বীকৃত COVID-19 ভ্যাকসিনগুলির দ্বারা গণ টীকাকরণ কর্মসূচী শুরু করে দিয়েছে। ইজরায়েলে প্রকাশিত একটি সাম্প্রতিক গবেষণায় দেখা গেছে BNT162b2-এর দ্বারা গণ টীকাকরণ কর্মসূচী টীকাপ্রাপ্তদের মাঝে লক্ষণযুক্ত সংক্রমণ, হাসপাতালীকরণ ও গুরুতর সংক্রমণ কমিয়ে দিতে পেরেছে।

যাই হোক, কতটা ভ্যাকসিন সংক্রমণ কমাতে পারবে এবং হার্ড ইমিউনিটি তৈরির জন্য কত জনকে ভ্যাকসিন দেওয়া প্রয়োজন সে বিষয়ে কোন বৈজ্ঞানিক গবেষণা পাওয়া যায়নি। সময়ের সঙ্গে সঙ্গে গণ টীকাকরণের উপর আরো তথ্য পাওয়া যেতে পারে।

অন্য দিকে, হাত ধোয়া, মাস্ক পরা ও সামাজিক দূরত্বের মতো পদক্ষেপ সংক্রমণ কমানোর জন্য প্রমাণিত পদক্ষেপ।

সুতরাং এই সময়ে ভ্যাকসিন নেওয়ার পাশাপাশি NPI পালন ভাইরাসের বিরুদ্ধে সর্বাধিক সুরক্ষা প্রদান করবে।

পেশাদার চিকিৎসকদের মধ্যে যাঁরা ভ্যাকসিন নিয়েছেন তাঁদের এখনো কি সম্পূর্ণ পার্সোনাল প্রোটেক্টিভ ইক্যুইপমেন্ট(PPE) দরকার পড়বে?

পেশাদার চিকিৎসাকর্মীদের রোজ গুরুতর অসুস্থ রোগীদের সংস্পর্শে আসতে হয় যাদের মধ্যে সর্বাধিক পরিমাণ ভাইরাস থাকে। পেশাদার স্বাস্থ্যকর্মীদের সবচেয়ে দুর্বলতম প্রতিরোধ ক্ষমতাযুক্ত রোগীদের সংস্পর্শেও আসতে হয়।

বর্তমান সময়ে COVID-19 ভ্যাকসিনের দ্বারা COVID-19 ভাইরাস সংক্রমণ প্রতিরোধের সক্ষমতার বিষয়টি গবেষণার অধীন।

সুতরাং, পেশাদার স্বাস্থ্যকর্মীদের এখনো PPE, সুস্বাস্থ্য অভ্যাস-সহ ক্লিনিকাল পরিস্থিতিতে প্রযোজ্য সংক্রমণ প্রতিরোধক নিয়মগুলি মেনে চলতে হবে।

ভ্যাকসিন গ্রহণ করেছেন কিন্তু কোন সংক্রমিত ব্যক্তির সংস্পর্শে এসেছেন এমন ব্যক্তিদের কি পরীক্ষা বা কোয়ারেন্টাইন করানো হবে?

ভ্যাকসিন গ্রহণ করেছেন বা করেননি, কিন্তু কোন সংক্রমিত ব্যক্তির সংস্পর্শে এসেছেন এমন ব্যক্তিদের পরীক্ষা করানো উচিত।

এই সময়ে কোন সংক্রমিত ব্যক্তির সংস্পর্শে এসেছেন এমন ব্যক্তিদের সাধারণ প্রয়োজন অনুযায়ী কোয়ারেন্টাইনে যাওয়া উচিত।

যাই হোক, ভ্যাকসিনপ্রাপ্ত ব্যক্তিদের অল্প সময় পর কোয়ারেন্টাইন থেকে ছাড়া যাবে কিনা সে বিষয়ে সরকার স্থানীয় ও আন্তর্জাতিক স্তরে ঘনিষ্ঠ ভাবে পর্যবেক্ষণ করছে।

ভ্যাকসিনেশন বা ইম্যুনিটির প্রমাণ কি পর্যটনের জন্য ব্যবহার করা যাবে?

এই বিষয়টি নিয়ে বিশ্ব জুড়ে বিতর্ক চলছে।

বর্তমান সময়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থা(WHO) আন্তর্জাতিক যাত্রীদের জন্য ভ্যাকসিনেশন বা ইম্যুনিটির প্রমাণ চাওয়ার বিরুদ্ধে, এবং ভ্যাকসিনপ্রাপ্ত ব্যক্তিদের ভ্রমণের ঝুঁকি কমানোর পদক্ষেপ থেকে অব্যাহতি দেওয়ার বিপক্ষে।

যেহেতু বিশ্ব জুড়ে পরিস্থিতি পরিবর্তন হচ্ছে, নতুন এবং বেশি সংক্রমণযোগ্য SARS CoV2 স্ট্রেনের(আলাদা ধরনের) পাশাপাশি বিভিন্ন দেশে ভ্যাকসিনেশনের পরিমাণও বাড়ছে, হংকং সরকার এই পরিস্থিতিতে WHO-এর সাথে সহমত কিন্তু নতুন বৈজ্ঞানিক তথ্য ও জনস্বাস্থ্যের পরামর্শ অনুযায়ী অগ্রগতির উপর লক্ষ্য রাখবে এবং প্রয়োজনীয় নির্দেশ দেবে।

কিছু দেশ "ইম্যুনিটি সার্টিফিকেট" ব্যবহারের বিষয় বিবেচনা করেছে। যাদের ভ্যাকসিন নেওয়া হয়ে গেছে তাদের ক্ষেত্রে কি "ইম্যুনিটি সার্টিফিকেট" প্রযোজ্য হবে?

এই সময়ে হংকং-এর তথাকথিত ইম্যুনিটি সার্টিফিকেট গ্রনের কোন পরিকল্পনা নেই।

যারা COVID-19 আক্রান্ত হয়ে সুস্থ হয়েছেন বা ভ্যাকসিন নিবেছেন তাঁদের মধ্যে প্রতিরোধ ক্ষমতা কতক্ষণ থাকবে তা নিশ্চিত নয়।

বৈজ্ঞানিক বিষয়ের পাশাপাশি সম্ভাব্য নৈতিক চিন্তা এবং যৌক্তিক প্রয়োগের বিষয়টিও যথার্থ ভাবে বিবেচনা করতে হবে।

উপলব্ধ COVID-19 ভ্যাকসিনগুলি কি COVID-19 ভ্যারিয়্যান্টগুলির দ্বারা সংক্রমণ প্রতিরোধ করতে কার্যকর হবে?

COVID-19 ভ্যারিয়্যান্টগুলি দ্বারা আগত নতুন চ্যালেঞ্জ এবং সংক্রমণ প্রতিরোধে ভ্যাকসিনেশনের প্রভাব নিয়ে কিছু প্রারম্ভিক তথ্য আছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং ইউরোপিয়ান সেন্টার ফর ডিজিজ প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল মনে করে ভ্যাকসিনেশনের প্রমাণ আন্তর্জাতিক যাত্রিদের যাত্রার ঝুঁকি কমানোর পদক্ষেপগুলি থেকে অব্যাহতি দিতে পারবে না।

আগত যাত্রীদের জন্য হংকং-এ একটি কড়া টেস্টিং ও কোয়ারেন্টাইনের বিধি আছে। ডিসেম্বর 2020 থেকে মধ্য-মার্চ, 2021 পর্যন্ত হংকং-এ যে 400টি বাইরে থেকে আগত কেসের বিষয় রিপোর্ট করা হয়েছে তার মধ্যে মাত্র 4% 14 দিনের কোয়ারেন্টাইন পার করে ধরা পড়েছে। এই কেসগুলির মধ্যে 90 টি কেসে ভ্যারিয়্যান্ট স্ট্রেন ধরা পড়েছে, যাদের মধ্যে 60 শতাংশ নমুনা সংগ্রহের সময় লক্ষণহীন ছিল। সাম্প্রতিক সময়ে কোয়ারেন্তাইন ও টেস্টিং মেনে চলা আবশ্যক।

নন-ফার্মাসিউটিক্যাল ইন্টারভেনশন(NPI)-এর সঙ্গে ভ্যাকসিনেশনের মিলিত প্রয়োগ ভাইরাসের বিরুদ্ধে সর্বাধিক সুরক্ষা প্রদান করবে। সংক্রমণের ঝুঁকি কমানোর জন্য হাত ধোওয়া, মাস্ক পরা ও সামাজিক দূরত্ব বজায় রাখা-সহ NPI-এর জনস্বাস্থ্য বিধিগুলি মেনে চলা আবশ্যক।

ভ্যাকসিন না নেওয়া ব্যক্তিদের পাশাপাশি ভ্যাকসিন নেওয়া ব্যক্তিদেরকেও NPI মেনে চলা উচিত। NPI-এ কোন পরিবর্তনের উপর নজর রাখা উচিত, কিন্তু ভ্যাকসিন গ্রহনের পরিমাণ বরদ্ধির সঙ্গে সঙ্গে তা পুনর্বিবেচনা করা যেতে পারে।

মদ্যপান কি আমাদের প্রতিরোধ ক্ষমতা কমিয়ে দেয়?

মদ একটি বিষাক্ত পদার্থ যা আমাদের শরীরের অঙ্গপ্রত্যঙ্গ ও ব্যবস্থার উপর প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব ফেলে। বেশি পরিমাণে মদ খেলে তা রোগ প্রতিরোধ ক্ষমতা কমিয়ে দেয় এবং মদ্যপ ব্যক্তির সংক্রমণের ঝুঁকি বাড়িয়ে দেয়। গবেষণায় দেখা গেছে, মদ্যপানের ফলে মদ্যপানের ফলে নিউমোনিয়া-সহ শ্বাসজনিত সংক্রমণের ঝুঁকি বৃদ্ধি পেয়েছে।

COVID-19-এর বিরুদ্ধে এই লড়াইয়ে সাধারণ মানুষকে স্বাস্থ্যকর জীবনযাপনের জন্য অনুরোধ করা হচ্ছে এবং সুস্বাস্থ্য ও শক্তিশালী প্রতিরোধ ক্ষমতার জন্য মদ্যপান থেকে বিরত থাকতে বলা হচ্ছে।

ভ্যাকসিনের বিষয়ে ভুল ধারণা ও প্রকৃত তথ্য

COVID-19 ভ্যাকসিন বিষয়ে ভুল ধারণা ভাঙা

COVID-19 ভ্যাকসিন দ্রুত তৈরি ও পরীক্ষা হয়েছে বলে এগুলি কি সুরক্ষিত নয়?

COVID-19 পরিস্থিতিতে একটি জরুরি সমাধানের দরকার ছিল। তার মানে এই নয় যে কোন সুরক্ষা প্রোটোকল বা পরীক্ষা এড়িয়ে যাওয়া হয়েছে। ভ্যাকসিনের বিপুল চাহিদার জন্য তার নির্মাণ প্রক্রিয়া তাড়াতাড়ি করা হলেও কোন সংক্ষিপ্ত উপায় গ্রহণ করা হয়নি। প্রযুক্তিগত উন্নতির জন্য দ্রুত ভ্যাকসিন তৈরি সম্ভব হয়েছে। ভ্যাকসিনের সব উপাদান, এমনকি ভ্যাকসিনটিকেও সম্পূর্ণ সুরক্ষা সুনিশ্চিত করে তবেই ছাড়া হয়েছে।

COVID-19-এর mRNA vaccineগুলি কি মানুষের ডিএনএ বদলে দেবে?

mRNA vaccineগুলি কোষের নিউক্লিয়াসে প্রবেশ করে না এবং আমাদের ডিএনএ-কেও প্রভাবিত করে না। mRNA vaccineগুলি শুধু আমাদের কোষকে শেখায় কীভাবে একটি প্রোটিন(বা প্রোটিনের অংশ) তৈরি করতে হবে যা আমাদের প্রতিরোধ ক্ষমতা বাড়াতে সাহায্য করবে। আমাদের দেহে আসল ভাইরাস প্রবেশ করলে এই প্রতিরোধ ক্ষমতাই আমাদের রক্ষা করবে।

অনেক মানুষের COVID-19 হয়ে সেরে গেছে, তাহলে আমাদের ভ্যাকসিন নেওয়ার প্রয়োজন আছে?

COVID-19 একটি মারাত্মক রোগ যার ফলে তীব্র অসুস্থতা সৃষ্টি হতে পারে- আর তার সঙ্গে দীর্ঘস্থায়ী কিছু প্রভাবও রয়েছে যা আমরা এখনো বুঝতে পারছি না। COVID-19 ভ্যাকসিন তৈরি হয়েছে যাতে মৃত্যু ও অসুস্থতার হার কমানো যায়।

যদিও বিপুল সংখ্যক মানুষ COVID-19 থেকে মুক্তি লাভ করেছেন, কেউ কেউ চরম অসুস্থতা বা মৃত্যুর শিকারও হয়েছেন। আবার অনেকের রোগ হয়েও লক্ষণ দেখা দেয়নি, এবং লক্ষণ দেখা না দিলেও অন্যদের মধ্যে রোগটি ছড়িয়ে দেওয়ার সম্ভাবনা থেকেই যায়।

যখন আপনি ভ্যাকসিন গ্রহণ করেন, তখন আপনি শুধু নিজেকেই রক্ষা করছেন না, আপনি নিজের পরিবার এবং পারিপার্শ্বিক মানুষদের COVID-19 জনিত মৃত্যু ও অসুস্থতার হাত থেকেও রক্ষা করছেন।

COVID-19 ভ্যাকসিন মাইক্রোচিপ ট্র্যাকিং বা মানুষের মস্তিষ্কে কিছু ভরে দিয়ে তাদের নিয়ন্ত্রণ করতে পারে?

ভ্যাকসিনের সমস্ত উপাদান-সহ ভ্যাকসিনগুলি নিপুণ ভাবে পরীক্ষা ও যাচাই করা হয়। কিছু মিথ্যা প্রচার চলচে যে COVID-19 ভ্যাকসিনগুলি ইনজেক্টেবল মাইক্রোচিপ ব্যবহার করে ৫জি সেলফোন টাওয়ারের মাধ্যমে মানুষের গতিবিধি লক্ষ রাখবে বা মানুষের শারীরিক ক্রিয়াকলাপকেও নিয়ন্ত্রণ করবে। এগুলি মিথ্যা। এমন কোন COVID-19 ভ্যাকসিন নেই যা মানুষের গতিবিধি লক্ষ রাখে বা ব্যক্তিগত তথ্য জমা রাখে।

BioNTech COVID-19 ভ্যাকসিনের ক্লিনিকাল ট্রায়ালে যে চারটি মুখের প্যারালাইসিসের ঘটনা ঘটেছিল তা ভ্যাকসিনের সঙ্গেই সম্পর্কিত?

ক্লিনিকাল ট্রায়ালের সময় BioNTech COVID-19 ভ্যাকসিন নিয়ে চারজন ব্যক্তির মুখের প্যারালাইসিস হয়েছিল। আমেরিকার ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন ধারাবাহিক তদন্তে দেখেছে মুখের প্যারালাইসিসের ঘটনাগুলি এক ধরনের এবং এগুলি ভ্যাকসিনের জন্য হয়েছিল কিনা তার কোন প্রমাণ পাওয়া যায়নি।

BioNTech COVID-19 ভ্যাকসিন প্রদানের পর মৃত্যুহার সাধারণের চেয়ে বেড়ে গেছে?

ভ্যাকসিনের সুরক্ষা নিয়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থার গ্লোবাল অ্যাডভাইজরি কমিটির প্রদত্ত বিবৃতি অনুযায়ী ইউরোপে এবং হু গ্লোবাল ডেটাবেসে কথিত মৃত্যুগুলি যাচাই করার পর স্থির করা হয়েছে যে এই মৃত্যুগুলি প্রত্যাশিত ছিল, কারণ এরা দুর্বল বয়স্ক মানুষ ছিলেন, যাঁদের মধ্যে মৃত্যুর হার বেশি ছিল।

দুর্বল বয়স্ক মানুষেরা BioNTech COVID-19 ভ্যাকসিন নেওয়ার পর মৃত্যুহারে কোন অস্বাভাবিক বা অতিরিক্ত বৃদ্ধি লক্ষ করা যায়নি এবং বয়স্কদের পক্ষে ভ্যাকসিন নেওয়াও লাভজনক মনে করা হয়েছে।

সব ধরনের ভ্যাকসিন সবার জন্য উপযুক্ত?

প্রত্যেক ভ্যাকসিনের নিজস্ব নির্দেশ ও কাদের জন্য তা উপযুক্ত সেই তথ্য তার সঙ্গে দেওয়া থাকে। যারা ভ্যাকসিন গ্রহণের উপযুক্ত তাঁরা শিডিউল অনুযায়ী যথাযথ সময়ে ভ্যাকসিন গ্রহণ করতে পারেন।

BioNTech ভ্যাকসিন গ্রহণের সঙ্গে সঙ্গেই কাজ শুরু করে?

BioNTech COVID-19 ভ্যাকসিনেশনের পর শরীরে অ্যান্টিবডি তৈরি হতে ও COVID-19 ভ্যাকসিনের বিরুদ্ধে সুরক্ষা প্রদান করতে সময় লাগে। দ্বিতীয় ডোজ নেওয়ার 7 দিন অব্দি সম্পূর্ণ সুরক্ষা পাওয়া সম্ভব নয়।

BioNTech COVID-19 ভ্যাকসিন ব্যবহারের পর দুর্বল বৃদ্ধ মানুষদের অপ্রতভাশিত মৃত্যুহার বৃদ্ধির প্রমাণ পাওয়া গেছে?

জানুয়ারি, 2021 অনুযায়ী বিদেশের স্বাস্থ্য কর্তৃপক্ষ এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা থেকে প্রাপ্ত তথ্য ও পরামর্শ থেকে BioNTech COVID-19 ভ্যাকসিন ব্যবহারের পর দুর্বল বয়স্ক মানুষদের মধ্যে মৃত্যুহার বৃদ্ধির কোন অপ্রত্যাশিত ঘটনার প্রমাণ পাওয়া যায় না। যে মৃত্যুর খবর পাওয়া গেছে তা ভ্যাকসিন ব্যবহারের কারণেই হয়েছে এমন কোন প্রমাণ পাওয়া যায় না।

Sinovac ভ্যাকসিন কি ব্যবহারের সঙ্গে সঙ্গেই কাজ শুরু করে?

Sinovac ভ্যাকসিন দুটি ডোজে দেওয়া হয়। প্রথম ডোজ নিবে কিছুতা সুরক্ষা পাওয়া যেতে পারে, এবং দ্বিতীয় ডোজ নিলে ভাইরাসের বিরুদ্ধে সর্বাধিক সুরক্ষা পাওয়া যাবে। ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ নেওয়ার 14 দিন অব্দি সম্পূর্ণ সুরক্ষা নাও পাওয়া যাতে পারে।

ভ্যাকসিনগুলিকে বোঝা: তথ্য ও ভ্রান্ত ধারণা

প্রাকৃতিক প্রতিরোধ ক্ষমতা ভ্যাকসিন-প্রদত্ত প্রতিরোধের চেয়ে বেশি স্বাস্থ্যকর?

ভ্যাকসিনেশন রোগ প্রতিরোধের অন্যতম শ্রেষ্ঠ উপায়। ভ্যাকসিন পাওয়ার চেয়ে ভাইরাসে আক্রান্ত হওয়ার ঝুঁকি অনেক বেশি। সামগ্রিক ভাবে, ভ্যাকসিন প্রতি বছর 2 থেকে 3 মিলিয়ন জীবন রক্ষা করতে পারে।

শরীরের প্রাকৃতিক প্রতিরোধ ক্ষমতার সঙ্গে যৌথ ভাবে কাজ করে ভ্যাকসিনগুলি রোগাক্রান্ত হওয়ার ঝুঁকি কমিয়ে দেব।

যখন আমরা ভ্যাকসিন নিই, আমরা শুধু নিজেদের নয়, আশেপাশের মানুষদেরকেও রক্ষা করি।

রোগটি ভ্যাকসিনের চেয়ে কম ক্ষতিকারক?

যে কোন ওষুধের মতোই ভ্যাকসিনের কিছু পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে। সাধারণত এগুলি হালকা ও সাময়িক, যেমন হাত ফোলা বা অল্প জ্বর। বেশি গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়াও হতে পারে কিন্তু খুব বিরল।

মনে রাখবেন, আপনি ভ্যাকসিনের চেয়ে ভ্যাকসিনের দ্বারা প্রতিরোধযোগ্য কোন রোগে বেশি ক্ষেতিগ্রস্ত হতে পারেন।

ভ্যাকসিনে ক্ষতিকারক পদার্থ থাকে?

ভ্যাকসিনগুলিকে সুরক্ষিত ও কার্যকর রাখার জন্য তাতে বিভিন্ন উপাদান থাকে। তার মধ্যে অনেক উপাদান বহু বছর ধরে বহু ভ্যাকসিনের ডোজে ব্যবহৃত হয়ে আসছে। প্রত্যেক উপাদানের নিজস্ব কাজ রয়েছে এবং উৎপাদন প্রক্রিয়ার সময় এগুলির পরীক্ষা করা হয়।

ভ্যাকসিনের সমস্ত উপাদানের সুরক্ষা যাচাই করা হয়।

ভ্যাকসিন আমার প্রতিরোধ ক্ষমতার ক্ষতিসাধন করতে পারে?

মানুষ কোন রোগে আক্রান্ত হওয়ার আগে তা থেকে তাদের রক্ষার সহজ, সুরক্ষিত ও কার্যকর উপায় হল টীকাকরণ। এমনকি ভ্যাকসিন আপনার দেহের প্রাকৃতিক প্রতিরোধ ক্ষমতাকে ব্যবহার করে আপনার শরীরের প্রতিরোধ ব্যবস্থাকে বিশেষ সংক্রমণের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে সাহায্য করে।

সমস্ত ভ্যাকসিনের ক্ষেত্রে একবার টীকা নিলে সারা জীবনের জন্য প্রতিরোধ ক্ষমতা তৈরি হয়ে থাকবে?

কিছু ভ্যাকসিন একটি ডোজেই সারা জীবন সুরক্ষা প্রদান করে। যদিও বেশির ভাগ ভ্যাকসিনে একের বেশি ডোজ লাগতে পারে(কয়েক মাস ব্যবধানে দ্বিতীয় বা তৃতীয় ডোজ)। উপরোক্ত “মাল্টিপল ডোজ”-এর প্রাথমিক কোর্সের সঙ্গে কিছু ভ্যাকসিনে নির্দিষ্ট সময়ের পর(এক বছর বা কয়েক বছর) “বুস্টার ডোজ”-এরও প্রয়োজন পড়ে।

সমস্ত ভ্যাকসিন ঘরের উষ্ণতায় সংরক্ষণ করা উচিত?

ভ্যাকসিন নির্মাতাদের নির্দেশ অনুযায়ী স্টোর করা উচিত।

প্রত্যেক ভ্যাকসিনের নিজস্ব স্টোরেজ চাহিদা ও আয়ু রয়েছে যা লেবেলে উল্লিখিত থাকে।

BioNTech COVID-19 ভ্যাকসিনের কার্যকারিতার তথ্য কোন ক্লিনিকাল গবেষণায় পাওয়া যায় না?

একটি বৃহৎ ক্লিনিকাল ট্রায়ালে দেখা গেছে যে BioNTech ভ্যাকসিন 16 বছর বা তার উর্ধ্বের ব্যক্তিদের মধ্যে COVID-19 রোধ করতে কার্যকর। গবেষণায় লক্ষণযুক্ত COVID-19 কেসে 95% হ্রাস লক্ষ করা গেছে।

ফ্লু ভ্যাকসিন কি COVID-19 রুখতে সাহায্য করতে পারে?

এই দুটি পৃথক ভ্যাকসিন। কিন্তু ফ্লু শট ইনফ্লুয়েঞ্জা এবং COVID-19 থেকে আপনাকে রক্ষা করতে পারে। এটি আপনাকে আরো জটিল অসুস্থতা থেকে রক্ষা করতে পারে।

ভ্যাকসিন নেওয়ার পর সংঘটিত সমস্ত প্রতিকূল ঘটনাই কি ভ্যাকসিনের কারণে ঘটে?

ভ্যাকসিন নেওয়ার পরেই যখন কোন প্রতিকূল ঘটনা ঘটে তখন সকলে ভ্যাকসিনকেই দোষারোপ করতে পারে। তবে ভ্যাকসিন নেওয়ার পর কিছু লক্ষণ বা অসুস্থতা দেখা দিতে পারে যার সঙ্গে ভ্যাকসিনের কোন সম্পর্ক নেই। তাই বলা যায়, ভ্যাকসিন নেওয়ার পর সংঘটিত সমস্ত প্রতিকূল ঘটনাই ভ্যাকসিনের কারণে ঘটে না।